# ভৌতিক বিদ্যা, ধর্মীয় ক্ষেত্র

কতজন এই ছোট্ট গানটি জানেন, আমি আপনাদের উষ্ণ খ্রিস্টান সহভাগিতা ও খ্রীষ্টের ভালবাসা দিয়ে শুভেচ্ছা জানাই, কতজন এই ছোট্ট গানটি জানেন, "তিনি আপনার জন্য চিন্তা করেন" ? আপনারা এটা জানেন ? ঠিক আছে, দেখা যাক আমরা এটা নিতে পারি কিনা। আপনি এটা জানেন, বোন ? আপনি জানেন ? এখন:

> তিনি আপনার জন্য চিন্তা করেন,
> তিনি আপনার জন্য চিন্তা করেন;
> রোদ অথবা ছায়ার,
> তিনি আপনার জন্য চিন্তা করেন।

ওহ, সেটা ঠিক। এখন আবার চেষ্টা করা যাক।

> তিনি আপনার জন্য চিন্তা করেন,
> তিনি আপনার জন্য চিন্তা করেন;
> রোদ অথবা ছায়ার,
> তিনি আপনার জন্য চিন্তা করেন।

[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

2 আমাদের স্বর্গীয় পিতা, আমরা আপনাকে ধন্যবাদ জানাই যে আপনি আমাদের জন্য চিন্তা করেন এবং আমাদের প্রতি আপনার ভালবাসা প্রকাশ করেছেন, এতটাই যে আপনি আপনার নিজের প্রিয় পুত্রকে পাঠিয়েছেন...ঈশ্বরের নির্দোষ পুত্রকে, দোষী পাপীদের স্থান নেওয়ার জন্য। আমরা আপনাকে ধন্যবাদ জানাই, যে আপনি আমাদের বিষয়ে চিন্তা করেন এবং আমাদের সম্পর্কে সচেতন, এটি করার জন্য ! আর আমরা অনেক কৃতজ্ঞ, প্রভু। আমরা আজ বিকেলে এখানে আকাশের নীচে একত্রিত হয়ে এই সভার জন্য আপনার আশীর্বাদ প্রার্থনা করতে পেরে আনন্দিত। এখানে থাকা প্রতিটি পুরুষ, মহিলা, ছেলে অথবা মেয়ে, এখন যাতে শাস্ত্র গভীরভাবে অধ্যয়ন করতে পারে, তা প্রদান করুন, প্রভু। আমরা এমন একটি জগতের মুখোমুখি হচ্ছি যা শয়তান দ্বারা নিয়ন্ত্রিত। আর, পিতা, আমরা প্রার্থনা করি, যখন আমরা ভূতদের শক্তির বিষয়ে এবং তারা মানুষের প্রতি কি করে সেটি অধ্যয়ন করি, আপনি

আমাদের বিশ্বাস প্রদান করবেন, যেন অনেক মহান চিহ্ন ও আশ্চর্য্য কাজ সম্পন্ন হয়। কারণ, আমরা খ্রীষ্টের নামে এবং ঈশ্বরের মহিমার জন্য এটি প্রার্থনা করি। আমেন।

3 আমরা, আজ বিকেলে একটি অধ্যয়ন করছি, দ্রুত এটিতে, আমি অনুমান করি, প্রায় পনেরো মিনিট আগে। এটি এখনও *ভৌতিক বিদ্যা* এর উপর রয়েছে।

4 আর এখন আমি একটি বার্তা পেয়েছি, কিছুক্ষণ আগে; ভাই বিলার, আমার বন্ধুদের থেকে। আমি আফ্রিকাতে শুরু করি, জুলাইয়ের মাঝামাঝি। যাতে এটি নিষ্পত্তি হয়, আমরা এখন এটি ঠিক করেছি। আর ভাই ব্যাক্সটার সেই সময় যেতে পারবেন না, তাই আমাকে একাই আফ্রিকাতে যেতে হবে। তাই সেখানে যাচ্ছি... যেন...আপনাদের এখন আমার জন্য প্রার্থনা করতে হবে, যেন প্রভু আমাকে সাহায্য করেন, কারণ এখন আমার সত্যিই এটির প্রয়োজন রয়েছে, সেখানে...আমি সেই সভায় কমপক্ষে দুই লক্ষ লোক আশা করছি।

5 আর আমি এখানে একটি দর্শন লিখেছি। আমি চাই আপনারা এর দ্বারা উপকৃত হন। এটি ডিসেম্বরে ঘটেছে। একদিন সকালে আমি ঘরে ছিলাম যখন প্রভুর দূত ভিতরে আসেন। আমি... আপনারা দেখুন, যখন আমি সেখানে ছিলাম, আমি ঈশ্বরের অবাধ্য হয়েছিলাম, আর আমার অ্যামিবা হয়ে যায়। কেউ জানেন—জানেন অ্যামিবা কি, একটি পরজীবী যা আপনাকে... প্রায় আপনাকে মেরে ফেলে। কারণ আমি এমন কিছু করেছি যা ঈশ্বর আমাকে করতে বলেন নি। এই গল্পটি কতজন শুনেছেন? আমি মনে করি আপনাদের মধ্যে কেউ কেউ এখানে আছেন। আমি জানি টুয়াবারনাকেলের আশেপাশের লোকেরা, যা ঘটেছিল তা শুনেছেন। ঈশ্বর আমাকে একটি স্থানে যেতে বলেছিলেন, আর *এই* স্থান থেকে দূরে থাকতে বলেছিলেন, এবং অন্য স্থানে যেতে বলেছিলেন। আর আমি প্রচারকদের এখান থেকে কথা বলতে দিই। এখন, প্রচারকরা ভালো, তারা আমার ভাই, কিন্তু ঈশ্বর আপনাকে যা বলেন তার প্রতি আপনি যত্নবান্ হউন। সেটা ঠিক। দেখুন? আপনার একটি উদ্দেশ্য রয়েছে।

6 কতজনের বাইবেলে দুজন ভাববাদীর কথা মনে আছে? আর তাদের মধ্যে একজন, প্রভু তাকে বলেছিলেন, "তুমি একটি *নির্দিষ্ট* স্থানে যাও। আর তোমরা—তোমরা...তোমরা অন্য পথে যাবে না," ইত্যাদি। আর—আর বললেন, "তোমরা যখন সেখানে যাবে তখন খাদ্য গ্রহণ করবে না অথবা পান করবে না।"

7 আর অন্য একজন সত্যিকারের ভাববাদী তার সঙ্গে দেখা করলেন, আর বললেন, "প্রভু তোমার সঙ্গে দেখা করার পর আমার সঙ্গে দেখা করেছেন।" আর বললেন, "আমার বাড়িতে এসো।" আর সেই ভাববাদী অন্যজন যা বলেছিলেন তা শুনেছিলেন, আর এর জন্য তিনি প্রাণ হারান। দেখুন, ঈশ্বর আপনাকে যা করতে বলেন আপনি তা করুন, অন্য কেউ কি বলে তাতে ধ্যান দিবেন না।

8 এখন আমরা...এই দর্শনে, তিনি...এটা আমাকে জাগিয়ে তোলে, তেরো সেপ্টেম-...অথবা ডিসেম্বরে। আর—আর যখন আমি আমার বিছানার পাশে বসে ছিলাম, আমি ভাবছিলাম আমার ভবিষ্যত কি হবে। আমি...যখন আমি এখানে ফিরে আসি, তারা আমাকে প্লেগ ঘরে রাখার জন্য প্রস্তুত ছিলেন, পরজীবীরা আমাকে ঘিরে ফেলেছিল। আর তারা আমাকে পরীক্ষা করে, যখন আমি এই দেশে ফিরে আসি। আর, ঈশ্বরের অনুগ্রহে, তারা আমাকে বাড়িতে যেতে দিয়েছেন, কারণ এটা খুব সামান্য ছিল। আর আমি প্রার্থনা করেছিলাম, আর আমি সেই সেবকদের কাছে গিয়েছিলাম, আমি বললাম, "প্রভু আমাকে বলেছেন এই পথে না যাওয়ার জন্য।"

বললেন, "ওহ, ঈশ্বর আপনাকে ছাড়াও অন্য কারো সঙ্গে কথা বলুন।"

9 আমি বললাম, "কোরহের একবার এমন ধারণা ছিল।" আর তাই, কিন্তু আমি গিয়ে কিছু পাতা নিয়ে তাদের পায়ের উপর রাখলাম, আর আমি বললাম, "মনে রাখবেন, প্রভুর নামে, যদি আমরা সেখানে সেই পথে যাই, এটা ব্যর্থ হবে, আর আমদের সকলকে এর জন্য মূল্য দিতে হবে।" আর আমরা নিশ্চিত করেছি! ওহ, আমার! আমরা সবাই মৃতপ্রায় হয়ে পড়ি। তাই ফিরে এসে...

10 সেই বিদেশী দেশে আপনার কাছে অনেক কিছু আসে। উদাহরণস্বরূপ, একটি ছোট মাছি আপনাকে কামড় দেয়, এটি আপনার জন্য জ্বর নিয়ে আসে। আর সেই ছোট্ট জিনিস, যখন এটি আপনাকে কামড় দেয়, আপনি যদি চুলকানি অনুভব করেন, কিন্তু আপনি এটি চুলকাতে পারবেন না। আপনারা দেখুন, যদি তিনি একজন নিগ্রো ব্যক্তি হন, তবে এটিকে টানবেন না। এর একটি ছোট মাথা আছে, এটি চামড়ার মধ্যে প্রবেশ করিয়ে দেয়, *এইভাবে* ঘুরে এবং নিজেকে আটকে দেয়। যদি আপনি এটি টেনে বের করেন, তাহলে আপনি সেই মাথাটি সেখানে ছিঁড়ে ফেলবেন। এটিতে একটি ভাইরাস আছে, আপনাকে পঙ্গু করে ফেলবে। তাই তিনি...চুলকাবেন না, অথবা সেটি টানবেন না; শুধু কিছু চর্বি নিয়ে।

তিনি তার পিঠের উপর দিয়ে শ্বাস নেন। এর উপর চর্বি রেখে, আর সে বেরিয়ে আসে।

11 তারপর একটি ছোট মশা আছে। সে একটুও আওয়াজ করে না। সে ঠিক বাতাসের মধ্য দিয়ে আসে, সে শুধু [ভাই ব্রানহাম তার হাত দিয়ে থাপ্পড় মারেন—সম্পাদকীয়।] আপনাকে স্পর্শ করে, এটাই সব, আপনার ম্যালেরিয়া হয়ে যাবে।

12 আর—আর তারপর সেখানে তারা যাকে মাম্বা সাপ বলে। যদি সে আপনাকে ছোবল মারে, সে আপনাকে ছোবল মারার পর আপনি প্রায় দুই মিনিট বেঁচে থাকবেন।

13 আর সেখানে একটি হলুদ কোবরা সাপ রয়েছে। আপনি তার কামড়ের পর প্রায় পনেরো মিনিট বেঁচে থাকবেন। আর তাদের একটি আমার ছেলের খুব কাছাকাছি চলে এসেছিল, সে তার মাথায় হাত রাখতে পারত। ছোবল মারার জন্য প্রস্তুত ছিল, এইভাবে, আমরা গুলি করার আগে।

14 আর সেখানে কালো কোবরা রয়েছে। ওহ, সেখানে সবকিছু রয়েছে! আর তারপরে বন্য প্রাণীদের বিপদ, অবশ্যই, সিংহ, বাঘ, অথবা চিতাবাঘ, আর অন্য সবকিছুর সঙ্গে লড়াই করার জন্য, জঙ্গলে। আর তারপর রোগ, সেখানে সব ধরনের রোগ রয়েছে।

15 যখন আপনি বাইরে যান তখন আপনাকে সেই সমস্ত কিছুর মুখোমুখি হতে হয়। তা ছাড়া, সেখানে ডাইনি ডাক্তারা রয়েছে আপনাকে প্রতিটি অংশ থেকে চ্যালেঞ্জ করার জন্য, দেখুন, এবং তাদের সমস্ত কুসংস্কার এবং বিষয়গুলি। কিন্তু, এটি দেখা একটি আশ্চর্যজনক বিষয়, আমাদের প্রভু এটিকে দূরে সরিয়ে, এপাশ থেকে ওপাশ, এইভাবে, তারপরে এগিয়ে যান।

আর সেই দিনটি আমার ভালো করে মনে আছে, সেখানে দাঁড়িয়ে, কি ঘটেছিল, আমি আপনাকে অন্য সভায় কখনও বলব, কারণ আমি আজ বিকেলে আমার বিষয় *ভৌতিক বিদ্যাতে* যেতে চাই।

16 এখন, আর আমি এই বিষয়ে ভাবছিলাম, সেখানে বসে, শেষ কি হবে? আর সমুদ্রের ওপারে, আমি জানি যখন আমরা সেখানে ছিলাম তখন আমাদের কাছে প্রায় এক লক্ষ ধর্মান্তরিতরা ছিলেন। আর বৃদ্ধ ভাই বসওয়ার্থ আমার কাছে আসেন। বললেন, আমি বললাম, "ঠিক আছে, ভাই বসওয়ার্থ?"

17 তিনি বললেন, "আমি আপনার জন্য গর্বিত, ভাই ব্রানহাম!" তিনি বললেন, "আপনি ঠিক—আপনি ঠিক জীবনের শুরুতে

আছেন,” তিনি বলেছিলেন।

18 আমি বললাম, “ঠিক আছে, আমি মনে করি সব শেষ হয়ে গেছে।” আমি বললাম, “আমার বয়স চল্লিশ পেরিয়ে গেছে। আমি অনুমান করি আমি একটি ভালো লড়াই করেছি এবং কোর্স শেষ করেছি।”

19 তিনি বললেন, “‘চল্লিশ বছর বয়স হয়ে গেছে’ ?” বললেন, “আমি ধর্মান্তরিত হওয়ার আগে এত বয়স্ক ছিলাম।” বললেন, “আমার এখনও ভালো চলছে।” তিনি প্রায় আশির কাছাকাছি পৌঁছেছিলেন। আর...

আমি ভাবলাম, “ঠিক আছে, হয়তো এটা ঠিক।”

20 তাই তিনি বললেন, “না, আপনি এখনও একেবারে যুবক ব্রানহাম। আপনি জানেন কিভাবে আপনার সভাগুলিকে আরও ভালো করে নিয়ন্ত্রণ করতে হয়, ইত্যাদি।” বললেন, “আপনি যদি কখনও আমেরিকাকে তার সঠিক পথে আঘাত করেন, সঠিক সভা আয়োজনের মাধ্যমে, যেখানে আপনি একটি স্থানে ছয় বা আট সপ্তাহ থাকতে পারেন, আর এটি আয়োজন করে এবং চারপাশে বিজ্ঞাপন দিন,” বলুন, “আপনি কিছু করবেন, কিন্তু, আমাদের প্রভুর জন্য।” তাই আমরা এগিয়ে গেলাম, ঠিক এইভাবে, এবং এটি খুব—খুব সুন্দর ছিল।

21 তারপর কিছুক্ষণ পরে, আমি একটি দর্শন দেখেছিলাম, যখন আমি আমেরিকায় ছিলাম, আর এটি আমার কাছে আসে, এবং আমাকে আফ্রিকায় নিয়ে যায়, আর এটা আমাকে সেই একই সভা দেখিয়েছিল, সেখানে ডারবানের সামনে। আর প্রথম সভাটি পশ্চিমের দিকে গিয়ে ইতিহাসে বিবর্ণ হয়ে যায়। দ্বিতীয় সভা শুরু হয় এবং, যখন এটি হয়েছিল, এটি প্রথম সভা থেকেও বড় ছিল। আর তিনি...আমি একটি চিৎকার শুনতে পেলাম, আর একজন স্বর্গদূত স্বর্গ থেকে বেরিয়ে আসেন; তার কাছে একটি বড় জ্যোতি ছিল।

22 আর প্রভুর দূত যিনি এখানে আমাদের পাশে দাঁড়িয়েছেন, তিনি দাঁড়িয়ে ছিলেন-...সর্বদা আমার দক্ষিণ পাশে, *এই* পাশে দাঁড়িয়ে থাকেন। আর তিনি সেখানে দাঁড়িয়ে ছিল, আর তিনি—তিনি চারপাশে ঘুরছিলেন। আর আমি এই ব্যক্তিকে তার নীচে দাঁড়িয়ে থাকতে দেখেছি। তিনি—তিনি নন...এখন, যখন আপনি তাকে দেখেন তখন এটি দর্শন নয়। এটা ঠিক ততটাই বাস্তব যেমন আপনি আমার দিকে তাকাচ্ছেন। কেন, আপনি তাকে হাঁটতে এবং আপনার

সাথে কথা বলতে শুনতে পারেন। আর যখন তিনি...কিছু, এটা ঠিক ততটাই বাস্তব। আর এটা কোন দর্শন নয়; লোকটি ঠিক আপনার মতো সেখানে দাঁড়িয়ে আছে। আর তার কণ্ঠস্বর ঠিক আমার মতো অথবা আপনার মতো। কিন্তু একটি দর্শন, এমন কিছু যা আপনার সামনে চলে আসে এবং আপনি এটি দেখতে পান, এইরকম। কিন্তু এই ব্যক্তিটি সেখানে হেঁটে আসেন আর দাঁড়িয়ে থাকেন।

23 তাই তিনি আমাকে বলেছিলেন যে...কি ঘটতে যাচ্ছে। আর তিনি বললেন যে সেই...এই স্বর্গদূত নেমে আসেন, আর তিনি আমাকে ঘুরে *এই* দিকে দেখতে বললেন। আর এটি এখন ভারতের দিকে। আমি বলছি না যে এটা ভারতে আছে, কিন্তু এটি কাছাকাছি। কিন্তু তারা ভারতীয় ব্যক্তি ছিলেন।

24 কারণ, আফ্রিকানরা বড়, মোটা, ভারী চর্বিযুক্ত ব্যক্তি হয়ে থাকেন। তাদের মধ্যে কেউ প্রায় সাত ফুট লম্বা, এবং ওজন, ওহ, দুইশ আশি, তিনশ পাউন্ড, বলিষ্ঠ ব্যক্তি। জুলুস, এখন, শাঙ্গান এবং বাসুতো, আর, ওহ, সেখানে অনেকগুলি বিভিন্ন উপজাতি রয়েছে। সেদিন সেখানে পনেরোটি ভিন্ন উপজাতি বসে ছিল, আমি কথা বলছিলাম।

25 আমি একটি কথা বলি, যেমন, "যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র।" সমস্ত দোভাষীর মধ্য দিয়ে যাওয়ার সময় আমি জল পান করি। কেউ বলেন...আর সব বিভিন্ন আওয়াজ!

আমি ভাবতাম, যখন আমি পেন্টিকোস্টাল লোকদের অন্য ভাষায় কথা বলতে শুনেছি, হয়তো কেউ এক ধরনের ধ্বনিতে কথা বলছেন আর একজন অন্য ভাষায় কথা বলছেন, পৃথিবীতে এটা কিভাবে সম্ভব? কিন্তু আমি বিশ্বাস করি বাইবেল সঠিক, আর জানি যে, যখন এটা বলে, "তাৎপর্যহীন কোন ধ্বনি নেই।" সেটা ঠিক।

তাদের মধ্যে কেউ কেউ বলেন, তাদের মধ্যে একজন বলেন, "ব্লর্র ব্লার ব্লার ব্লার," যার অর্থ "যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র।" অন্যজন বলেন, "ক্লুক ক্লুক ক্লুক," সেটি "যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র," তার ভাষায়। তাই এটি যে ধরনের ধ্বনিই হোক না কেন, এটি কোথাও একটি অর্থ বহন করে। সেটা ঠিক। এটি যে ধরনের আওয়াজই হোক না কেন, এটি কোথাও কারো কাছে কিছু বোঝায়। আর যখন তিনি...তারা সেটি বলত।

26 আর আমি লক্ষ্য করলাম যে আমার বাম দিকে, যখন সেই দূত নেমে এলেন আর আমি সেখানে একটি ভিড়ের মতো দেখতে পেলাম, আর সেই লোকরা...দেখতে মনে হচ্ছিল তাদের চারপাশে

একটি—একটি চাদর দিয়ে, *এইভাবে*, মুড়ে বেঁধে রেখেছিলেন, যেমন একটি ছোট শিশুর চারপাশে, তোয়াল মোড়া হয়ে থাকে। আর এটা ছিল। আর আমি যতদূর দেখতে পাচ্ছিলাম, সেটি মানুষ ছাড়া আর কিছুই ছিল না। আর তারপরে এই স্বর্গদূত একটি বড় দোদুল্যমান আলো জ্বালিয়ে দিলেন, এবং *এইভাবে* সামনে পিছনে দোলাতে শুরু করলেন। আমি আমার জীবনে এত লোক দেখিনি!

27 আর তখন এই অন্য স্বর্গদূত আমার খুব কাছে এসেছিলেন, আর তিনি বললেন, "সেই সভাতে তাদের তিন লক্ষ লোক রয়েছে।" আর আমি এটা এখানে লিখে রেখেছি। আর আপনি এটি কাগজে লিখুন, যেমন আমি ফিনল্যান্ডে ছোট্ট ছেলেটির পুনরুত্থিত হওয়ার বিষয়ে বলেছিলাম। আপনি এটি আপনার বাইবেলের খালি পৃষ্ঠায় অথবা কোথাও লিখুন, যে এই সভায় (সেখানে একটি সভা হতে যাচ্ছে। আর আপনারা এটি কোন প্রকাশনীর মাধ্যমে শুনতে পাবেন।) তিন লক্ষ লোক সেই সভায় উপস্থিত হবেন। এখন, দেখুন এটি ঠিক কিনা। এটি অন্যটির আকারের তিনগুণ হবে। দেখুন? তিন লাখ মানুষ সভায় উপস্থিত হবেন। আর আমি সেখানে যাওয়ার জন্য খুব খুশি, আমি কি করব জানি না, কারণ আমি আমাদের প্রভুর জন্য আত্মা জয় করতে পছন্দ করি।

28 আর সেখানে, এক সময়ে, ত্রিশ হাজার বিধর্মীকে যীশু খ্রীষ্টের কাছে আসতে দেখে—দেখে এক বেদীর আহ্বানে, ত্রিশ হাজার বিধর্মী।

29 এখন আসুন দ্রুত আমাদের বিষয়ে যাওয়া যাক। গতকাল আমরা ভূতদের কৌশল অধ্যয়ন করেছি। আমি আজ ভাবছি, যেমন ঈশ্বর কার্য্য করেন। আপনারা জানেন না বাইরে বের হওয়া কি স্বাধীনতা। এখন, আমি একজন শিক্ষক নই। আমি একজন—একজন বাইবেল ব্যাখ্যাকারী থেকে অনেক দূরে। আর আমি...আমার শিক্ষা সপ্তম শ্রেণী পর্যন্ত সীমাবদ্ধ। তাই সেটা...আর, যে, আমি প্রায় পঁচিশ বছর আগে স্কুল থেকে বেরিয়ে এসেছি, তাই এটি একটি দীর্ঘ সময়। আর আমার কাছে খুব বেশি শিক্ষা নেই, কিন্তু আমি যা জানি তা, আমি অনুপ্রেরণার মাধ্যমে যা পেয়েছি। আর যদি সেই অনুপ্রেরণা বাইবেলের সঙ্গে তুল্য না হয়, তাহলে এটা ভুল। দেখুন? এটি বাইবেল হতে হবে। এটি যাই অনুপ্রেরণা হোক না কেন, তাকে আসতেই হবে...*এখানেই* ঈশ্বরের ভিত্তি রয়েছে। এটি ছাড়া অন্য কোন ভিত্তি স্থাপন করা হয় নি। আর এটা কি, আমি যা বলি সেটা যদি এর বিপরীতে হয়, আপনি আমার বাক্য মিথ্যা হতে দিন, কারণ এটাই সত্য। দেখুন? দেখুন? আর যদি একজন স্বর্গদূত আপনাকে

এমন কিছু বলেন যা এর থেকে ভিন্ন, পৌল বলেছেন, “তবে সে শাপগ্রস্ত হউক,” এমনকি একজন জ্যোতির দূত। এখন, অনেক বড় বিষয় রয়েছে। আমি শুধু...শুধু...আমি দুটি দিন বেছে নিয়েছিলাম, এই বিষয়টি লোকদের কাছে পৌঁছে দেওয়ার জন্য, যা গতকাল এবং আজ ছিল, বিকেলের সভাগুলির মধ্যে।

30 এখন, যে কারণে আমি এটা করেছি, ঈশ্বর আমাকে সাহায্য করবেন কিনা তা দেখার জন্য নিজে একটু চেষ্টা করছি। আমার হৃদয়ে কিছু আছে। আর এটি হল, এই মহান বার্তার পরে, এবং আমি যা বলেছি তা ঈশ্বর সত্য বলে প্রমাণিত করার পরে, তাঁর বাক্যে; তাঁর বাক্য দ্বারা, প্রথমে, এবং তারপর চিহ্ন এবং আশ্চর্য্য ক্রিয়ার মাধ্যমে। এখন, আমি মনে করি, মণ্ডলীর কাছে সুসমাচারের সত্যের সাথে, আমি বাধ্য, ঈশ্বরের কাছে, মণ্ডলীর কাছে এটি নিয়ে আসার জন্য। সেটা ঠিক। তারা এত ভেঙ্গে গেছে, বিভিন্ন সংস্থায় এবং এর সাম্প্রদায়িক অংশে, যতক্ষণ না এটি ভ্রান্তির মধ্যে চলে যায়। আমরা সবাই ঈশ্বরের সন্তান যখন আমরা নতুন জন্মগ্রহণ করি, সেটা, দেখুন। আর বিষয়টির সত্যতা হল যে ঈশ্বর চান যেন আমরা জানি যে আমরা তাঁর সন্তান।

31 এখন, মনে রাখবেন, শলোমনের মন্দিরটি সারা বিশ্ব থেকে কেটে ফেলা হয়েছিল। আর এখানে একটি পাথর *এই* দিকে বেঁকে চলে আসে, আর একটি পাথর *সেই* দিকে বেঁকে চলে যায়, আর একটি *এই* দিক টুকরো হয়ে আসে, আর একটি *সেই* দিকে টুকরো হয়ে যায়, কিন্তু, যখন এটি একত্রিত হয়, সেখানে কোন করাতের আওয়াজ ছিল না, না হাতুড়ির আওয়াজ, সবকিছু ঠিক তার স্থানে চলে যায়। ঈশ্বর এর উপদেষ্টা ছিলেন।

32 ঈশ্বরের একটি মণ্ডলী আছে যাকে বলা হয় অ্যাসেম্বলিজ, একটি ঈশ্বরের মণ্ডলী, আর একটি *এটি*, আর একটি *সেটি*। আর, যখন তারা সবাই একত্রিত হয়, তারা ভ্রাতৃস্নেহের একটি বড় দল হবে, এবং ঈশ্বর স্থাপন করবেন, সেই মন্ডলীকে একসাথে একত্রিত করবেন এবং তাকে আকাশে নিয়ে যাবেন।

33 প্রতিটি বিখ্যাত ছবি, এটি শিল্পকলায় টাঙানোর আগে, এটিকে ঝুলিয়ে রাখতে হবে, প্রথমে সমালোচকদের কক্ষের মধ্য দিয়ে যেতে হবে। যে মানুষটি এঁকেছেন... ?..., অথবা, আমাকে ক্ষমা করুন, আমি তার নাম বলতে পারি না, শেষ নৈশভোজ এঁকেছিলেন, যাইহোক, এটি তার জীবনকাল ব্যয় করেছিল। তিনি সেই ছবি এঁকেছিলেন। এটা প্রায় বিশ বছর, অথবা দশ বছর ছিল, আমি বিশ্বাস করি, খ্রীষ্ট এবং যিহূদাকে আঁকার মধ্যে। আর আপনারা কি

বুঝতে পেরেছেন, সেই বিখ্যাত ছবিতে, একই ব্যক্তি যে খ্রীষ্টের জন্য পোজ দিয়েছেন, দশ বছর পরে যিহূদার জন্য পোজ দিয়েছেন? সেটা ঠিক। তিনি করেছিলেন। দশ বছরের পাপ, একজন বড় অপেরা গায়কের কাছ থেকে, খ্রীষ্টের স্থান নেওয়ার জন্য, যিহূদার স্থানে আসেন। আপনাকে দশ বছর নিতে হবে না। এটি দশ মিনিট সময় নেয়, আপনার সাথে একই জিনিস করবে। এটা আপনার চরিত্র পাপে পরিবর্তন করবে। কিন্তু, যাইহোক, সেই ছবি সমস্ত সমালোচকদের মধ্য দিয়ে গিয়েছিল।

34 আর আমি ঈশ্বরের মণ্ডলী সম্পর্কে এটাই মনে করি, যে দলটিকে আহ্বান করা হয়েছে। ঠিক আছে, আমি নিক্ষেপ করার মাধ্যমে এটা বলতে চাই না। আমি সাত সমুদ্র পাড়ি দিয়েছি, আর আমি বিশ্বজুড়ে আমার তৃতীয় ভ্রমণে যাচ্ছি, আর লোকেরা বলে, "পবিত্র-রোলার! পবিত্র-রোলার!" আর আমি বিশ্বে অনুসন্ধান করেছি, এবং আমি এখনও পর্যন্ত একটি পবিত্র-রোলার খুঁজে পাইনি। এটি একটি নাম যা শয়তান মানুষের উপর চাপিয়ে দিয়েছে। এটাই। পবিত্র-রোলার বলে কিছু নেই। আর আমার কাছে ছয়শ আটষট্টিটি ভিন্ন মণ্ডলীর পরিসংখ্যান রয়েছে, এবং বিশ্বে সংগঠিত হয়েছে, পবিত্র রোলার নামে তাদের একটিও নেই। আর সেটা সরকারের পক্ষ থেকে। আমার জানা এমন একটিও পবিত্র রোলার চার্চ নেই। সুতরাং, সেটি শয়তান বলে এমন কিছু। কিন্তু, এখন, এই সমস্ত কিছুর মধ্যে, ঈশ্বর একটি ছবি এঁকেছেন। আর এক সময় এই ছোট ছোট গির্জাগুলি এখানে ছিল, আপনাদের মধ্যে কেউ কেউ...

35 আমি এই ধূসর মাথার লোকদের দেখি। আমার ছেলে, গতকাল; আমি রুমে ছিলাম, অধ্যয়ন করছিলাম, আর একজন সেবক এসে বললেন, "তোমার পিতার সঙ্গে করমর্দন করতে চাই।" অবশ্যই, আমার ছেলে ভাই ব্যাক্সটার এবং তাদের সঙ্গে বড় হয়েছে, যারা শুধু, "না" বলেন, তাড়াতাড়ি, শুধু তাই। আমি এটা পছন্দ করি না। দেখুন? যাই হোক না কেন যদি আমি...কারণ, আমি মানুষের এবং ঈশ্বরেরও সেবক হতে পারি না। কিন্তু আমি মনে করি, আমি আমার ভাইদের সঙ্গে করমর্দন করতে পছন্দ করি। আমি এটা করতে পছন্দ করি। এই বিষয়ে কিছু রয়েছে, আমি একজন—একজন সেবকের সঙ্গে হাত মেলাতে চাই। শুধুমাত্র একজন সেবক নন, কিন্তু ঈশ্বরের যে কোন সন্তানের সঙ্গে, আমি এটা করতে পছন্দ করি। আমি এটা জানতাম না, যতক্ষণ না আমার স্ত্রী আমাকে একটু পরে সেটি বলেন। ঠিক আছে, যদি তিনি সেই সেবককে বলতে পারতেন, "এক মিনিট, তিনি সেখানে প্রার্থনা করছেন, আর—আর আমি দেখব তিনি কি

বলেন।” ঠিক আছে, সেটা, সেটা ভালো হতো। তাই আমি তাকে এই বিষয়ে একটু সংশোধন করি, এটা না করার জন্য। দেখুন ?

36 আর তাই এটি সত্য, আপনি ঠিক থাকতে পারবেন না, কিছুক্ষণ আগে ভাই যেমন বলছিলেন। যদি আপনি করেন, তাহলে রাতের বেলায় আমি—আমি ক্লান্ত হয়ে যাই, আপনারা দেখুন। লোকেরা কথা বলতে যান, আর প্রত্যেকেরই হয়তো অসুস্থতা আছে, যখন তারা এই বিষয়ে কথা বলতে যান, দ্রুত, এই বিষয়ে বলার জন্য প্রভুর দূত সেখানে আছেন।

37 সেখানে কেউ বসে আছেন, এখন আমার দিকে তাকিয়ে আছেন, জানেন যে সেটি সত্য হতে হবে, কয়েক মিনিট আগে, অথবা প্রায় দেড় ঘন্টা আগে। একজন ভদ্রমহিলা এখানে বসে আছেন, যিনি জানতেন না এটা কি, প্রভুর দূত অন্য রাতে তার সাথে কথা বলেছিলেন এবং তাকে কিছু বলেছিলেন, আর তিনি তা বুঝতে পারেননি। কিন্তু আজ এটা ঘটেছে, তাই তিনি এখন জানেন এর মানে কি, যখন তিনি তার সাথে কথা বলছিলেন। আর কিভাবে, সেখানে দাঁড়িয়ে তার সঙ্গে কথা বলতে বলতে, প্রভুর দূত সোজা বাইরে চলে যান এবং তাকে বলেছিল তার সমস্যা কি, এবং কি হয়েছিল, আর—আর তিনি কি ভাবছিলেন, আর তার প্রিয়জনদের মধ্যে একজনের সঙ্গে, ঈশ্বর কীভাবে কথা বলেছিলেন এবং বলেছিলেন যে তিনি এটি নিশ্চিত করেছেন, এবং কী ঘটতে চলেছে। তাই এটা ঠিক ঠিক এইভাবে হবে। দেখুন ? ঈশ্বর তাই বলেছিলেন।

38 ঠিক আছে এখন, কয়েকবার...আর তারপর, এবং প্রতিটি দর্শন আপনাকে আরও বেশি দুর্বল করে, দেখুন। আর প্রথম বিষয় যা আপনি জানেন, যখন আপনি রাতে গির্জায় যান, আপনি এতটাই ক্লান্ত হয়ে পড়েন যে আপনি জানেন না কি করতে হবে। আর আপনারা এখন আমার জন্য প্রার্থনা করুন, দেখুন, কারণ এটি এক সভা থেকে অন্য সভা, অন্য সভা। এটিই একমাত্র সভা, যেটি ভিন্ন হবে, যদি আমি এখন বাড়ি ফিরে যাই, কয়েক মাস ধরে কিছু করবো না, বাইরে গিয়ে আমার মাছ ধরার ছিপ নিয়ে মাছ ধরতে চলে যাব। কিন্তু আমাকে এক সভা থেকে অন্য সভাতে যেতে হবে, এক থেকে অন্য সভাতে, আপনারা দেখুন। এটা সেটি তৈরী করে।

39 আর আপনারা সকলে প্রার্থনা করুন, আপনারা এখানে শ্রোতারা যারা আছেন। গত রাতে তারা আমাকে বলেছিল যে আমি—যে আমি একজন নির্দিষ্ট ব্যক্তির সঙ্গে কথা বলছিলাম, আর সেই ব্যক্তি ডাকে সাড়া দেননি। এখন, এটা বেশ বিপজ্জনক,

আপনারা দেখুন। যখন তারা এটা বলেন...ঠিক আছে, কখনও কখনও এই আলোগুলি জ্বলে না, এর মধ্যে কোথাও একটি অন্ধকার স্থান থাকে।

40 আর আমি প্রভুর দূতকে দেখি যখন তিনি এখানে দাঁড়িয়ে আছেন, আমি তাকে অনুভব করতে পারি। তখন আমি অনুভব করব এটা আমার কাছ থেকে সরে যাচ্ছে, আর আমি দেখব, এটা আমাকে ছেড়ে চলে যাবে, আর এটা কোথাও চলে যাবে, আর সেখানে একটু দাঁড়াবে, আর আমি তাকে দেখতে পাব। আর এটি জ্বলতে থাকে এবং একটি দর্শন চলে আসে। তারপর আমি দর্শন দেখতে পাব। আমি দেখতে পাব সেখানে লোকেরা কি ধরনের। আমি সেই ব্যক্তিকে খুঁজে পাব, তারপর আমি কথা বলি। সেটাই হয়ে থাকে। সেটাই হয়। আপনাকে সবাইকে সেটা বলতে হবে না, কিন্তু সেটা— সেটাই ঘটে থাকে, আপনারা দেখুন। এটি আধ্যাত্মিক ক্ষেত্রে।

41 তারপর যদি সেই ব্যক্তি সাড়া না দেন, তাহলে এটি এখানে বাইবেল পড়ার মতো এবং বলার মতো হবে, "এতে কিছুই নেই," এটি থেকে দূরে সরে যান। দেখুন? তাই এটি বেশ খারাপ করে তোলে। তাই সতর্ক থাকুন, শুনুন, দেখুন। যখন তিনি কথা বলেন, উত্তর দিন। দেখুন, যে কোনো সময় উত্তর দেওয়ার জন্য প্রস্তুত থাকুন।

42 তাই আমার স্ত্রী, ভাই বিলার এবং তাদের অনেকেই, আজ সকালে, আমাকে এই বিষয়ে বলছিলেন, যে এটি একজন ব্যক্তিকে, তার ভাইয়ের বিষয়ে ডাকছিল, কোথাও, তার সাথে কিছু ভুল ছিল, ইত্যাদি। আর লোকটি ডাকে সাড়া দেয়নি, যাতে সেখানে কিছু না করা হয়। সেটি ঈশ্বর এবং সেই ব্যক্তির মধ্যেকার বিষয়। দর্শন আমাকে ছেড়ে চলে যায়। তারপর আমি আর সেটি খুঁজে পাইনি, কারণ সে উত্তর দেয় নি। সুতরাং, লক্ষ্য রাখুন, সতর্ক থাকুন।

43 এখন *ভৌতিক বিদ্যার* এই বিষয়টি নেওয়ার সময় এবং ভূতদের বিষয়ে কথা বলার সময়। এখন, লোকেরা, যখন আপনি বলেন "দিয়াবল," তারা দ্রুত ভাবতে শুরু করে, "ওহ, কিছু ধর্মান্ধতা বা অন্য কিছু!" কিন্তু দিয়াবল স্বর্গদূতদের মতোই বাস্তব। তারা ঠিক ততটাই বাস্তব।

44 আর শয়তান ঠিক ততটাই সত্যিকারের শয়তান, যেমন যীশু খ্রীষ্ট ঈশ্বরের পুত্র। সে একটি শয়তান! স্বর্গ ঠিক ততটাই বাস্তব। আর যদি নরক বলে কিছু না থাকে, তবে স্বর্গ বলে কিছু নেই। আর যদি অনন্ত আশীর্বাদ...অনন্ত শাস্তি, বরং, না থাকে, তবে কোন

অনন্ত আশীর্বাদ নেই। যদি দিন না থাকে, তবে রাত নেই। দেখুন? কিন্তু যেমন দিন আছে, সেখানে রাত আছে। যেমন—যত নিশ্চিত সেখানে একজন—একজন খ্রিস্টান রয়েছেন, সেইরকম সেখানে একজন ভণ্ড হতে বাধ্য। যেমন সেখানে নিশ্চিত কেউ আছেন যিনি প্রকৃত ঈশ্বরের থেকে, সেখানে তার নকল করার জন্য কেউ থাকবেন। দেখুন? এটা ঠিক স্বপক্ষে এবং বিপরীতে, কালো এবং সাদা, জীবনের মাধ্যমে সবকিছুতে আগত, সত্য এবং মিথ্যা সর্বত্র। আর সেখানে একটি মিথ্যা সুসমাচার রয়েছে, একটি সত্য সুসমাচার রয়েছে। সেখানে একটি সত্য বাপ্তিস্ম রয়েছে, একটি মিথ্যা বাপ্তিস্ম রয়েছে। সেখানে ভন্ড-বিশ্বাসী রয়েছে, এবং প্রকৃত বিশ্বাসী রয়েছে। একটি আসল আমেরিকান ডলার আছে, একটি নকল আমেরিকান ডলার আছে। সেখানে একজন প্রকৃত খ্রিস্টান আছে, একজন প্রকৃত ভণ্ড আছে, দেখুন, এটা ছদ্মবেশী। তাই আপনি এটি খুঁজে বের করুন, এটি সব একসাথে থাকে। এখন, আমরা এটিকে আলাদা করতে পারি না। ঈশ্বর বৃষ্টি পড়তে দেন।

45 তিনি যেন আমাকে এখানে একটু কথা বলতে দেন। এখানে কতজন প্রচারক রয়েছেন? আপনাদের হাত উপরে তুলুন। চারপাশে, প্রচারকেরা, আসুন আপনাদের হাত দেখি। ঠিক আছে, ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন, ভাইয়েরা। এখন, এখন, আপনারা এখন এটিকে মতবাদ হিসাবে নিবেন না, কিন্তু, আমরা এই গুরুত্বপূর্ণ বিষয়ের কাছে যাওয়ার ঠিক আগে, আমি আপনাদের কি বলব। এখানে কতজন পেন্টিকোস্টাল ব্যক্তি রয়েছেন? আপনার হাত উপরে তুলুন, সর্বত্র। ঠিক আছে, আপনারা সকলে পেন্টিকোস্টাল। ঠিক আছে। আমি আপনাদের বলতে চাই, যখন আমি প্রথম আপনার ক্ষেত্রে, পদে আসি তখন আমার কাছে কী ছিল।

আমি ঠিক এখানে ইন্ডিয়ানাতে ছিলাম, মিশাওয়াকা নামে একটি নির্দিষ্ট স্থানে। পেন্টিকোস্টাল লোকদের প্রথম দল যাদের আমি প্রথম দেখেছি, তাদের বলা হত—হত পেন্টিকোস্টাল অ্যাসেম্বলিজ অফ জিজাস ক্রাইস্ট, আমি বিশ্বাস করি, অথবা এইরকম কিছু, খুব ভালো লোকদের দল। এখন তারা একসাথে সংগঠিত হয়েছে এবং নিজেদের ইউনাইটেড পেন্টিকোস্ট বলে। জলে বাপ্তিস্মের একটি সমস্যার জন্য তারা বাকিদের থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। এটা তাদের কোন ভণ্ড তৈরী করে না। সেখানে তাদের স্থানে অনেকে সত্যিকারের, প্রকৃত পবিত্র আত্মা দ্বারা পুনরায় জন্মগ্রহণকারী খ্রিস্টান রয়েছেন। আর "যীশুর নামে," বাপ্তিস্ম নিয়ে ঈশ্বর তাদের

পবিত্র আত্মা দিয়েছিলেন, আর তিনি অন্যদেরকে পবিত্র আত্মার বাপ্তিস্ম দেন, "পিতা, পুত্র, পবিত্র আত্মায়" বাপ্তিস্ম নেওয়ার পর। সুতরাং, "ঈশ্বর তাদের পবিত্র আত্মা প্রদান করেন, যারা তাঁহার আজ্ঞা পালন করে," সুতরাং কে—কে পেয়েছে, যে তাঁর আজ্ঞা পালন করে ? সেখানে এটি।

46 আপনি যদি ভুলে যান, এবং যারা একমুখী হতে চায়, তাদের যেতে দিন, আর আপনারা এগিয়ে যান এবং ভাই হন। এটাই সব। করবেন না...এটা কি করেছে, তাদের ভেঙে দেয়, বিচ্ছিন্ন করে দেয়। দেখুন ? কি ? বিচ্ছিন্ন হয়ে যায়, ছিঁড়ে ফেলে, ভ্রাতৃত্বকে ছিঁড়ে ফেলে, নিজেদেরকে আলাদা করে। না, মহাশয়, আমরা বিচ্ছিন্ন নই, আমরা এক। সেটা ঠিক।

47 কিন্তু যখন আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম, আমি সেই লোকদের দেখছিলাম। এখন, আমি, একটি সাধারণ ছোট দক্ষিণ ব্যাপটিস্ট চার্চ থেকে বেরিয়ে আসি, কেন, আমি সেই লোকদের দেখতে পেতাম, আমি সেখানে গেলাম আর তারা হাততালি দিচ্ছিল, চিৎকার করছিল, "তাদের একজন, তাদের একজন, আমি আনন্দিত যে আমি তাদের একজন !"

48 আমি ভাবলাম, "আমার! বাহ্!" প্রথম বিষয় আপনারা জানেন, এখানে কেউ একজন সেখান দিয়ে নেমে আসে, যতটা সম্ভব তারা পারে নাচতে নাচতে। "তুহ্-তুহ্-তুহ্-তুহ্-তুহ্," আমি ভাবলাম, "কোন গির্জার আচার আচরণ ! আমি এই ধরনের আচরণ কখন শুনিনি।" আমি তাদের দেখতে থাকলাম, চারপাশে। আশ্চর্য হয়ে, "আচ্ছা, পৃথিবীতে এই লোকদের কি হয়েছে ?"

49 এখন, আপনারা আমাকে আমার জীবনের কাহিনী বলতে শুনেছেন, যেখানে আমি সেই সভাটিতে প্রবেশ করি। কিন্তু এটি এমন একটি বিষয় যা আমি কখনও বলিনি, আগে কখনও বলিনি, জনসমক্ষে। তাই তারা...এখন, আপনারা যদি এটি আপনার রেকর্ডার থেকে মুছে ফেলতে চান, কেন, আপনারা তা করতে পারেন। ঠিক আছে। এখন, আমি এটা দেখেছি, আর আমি ভাবলাম, "ঠিক আছে, তারা আমার জীবনে দেখা সবচেয়ে সুখী মানুষ।" তারা তাদের ধর্ম নিয়ে লজ্জিত ছিলেন না। আমরা ব্যাপটিস্টরা একটু লজ্জিত হই, মাঝে মাঝে, আপনারা জানেন। দেখুন ? আর যখন তারা প্রার্থনা করতে যায়, আপনারা জানেন, পাখার পিছনে চলে যায়, আপনারা জানেন। আর—আর, কিন্তু আমরা...কিন্তু সেই লোকেরা এইরকম ছিলেন না, ভাই, তাদের—তাদের ভিতরে, বাইরে এবং সর্বত্র ধর্ম ছিল।

50 ঠিক আছে, আমার সেই রাতের কথা মনে আছে, যখন আমি প্ল্যাটফর্মে উঠেছিলাম। বললেন, “মঞ্চে সকল প্রচারকরা।” এটা একটি সম্মেলন ছিল। তাদের এটি এখানে উত্তরে আনতে হয়েছিল, কারণ—কারণ রং এর সমস্যার কারণে, দক্ষিণের জিম ক্রো আইন। তাই তারা সব জায়গা থেকে সেখানে একত্রিত হয়েছিল। তাই, আমি সেখানে বসে ছিলাম। আর তিনি বললেন...ঠিক আছে, এখন সেখানে...আমি সেই দিন এবং সেই রাতে সমস্ত প্রচারকদের শুনেছিলাম। তারা একজন বৃদ্ধ প্রচারককে বললেন, তিনি একজন বৃদ্ধ নিগ্রো ব্যক্তি ছিলেন, তার মাথার চারপাশে চুলের সামান্য অংশ ছিল, *এই* রকম, বড় লম্বা ফ্রক-লেজ সদৃশ প্রচারক কোট পরিধান করে, আপনারা জানেন, মখমলের কলার, আর এটা গরম আবহাওয়া ছিল। বৃদ্ধ ব্যক্তি *এইভাবে* সেখানে বেরিয়ে আসেন। তিনি বললেন, “আমার প্রিয় সন্তানেরা,” তিনি বললেন, “আমি আপনাদের বলতে চাই,” সাক্ষ্য দিতে চাই। আমি প্ল্যাটফর্মে বসা সবচেয়ে ছোট ব্যক্তি ছিলাম। তাই তিনি বললেন, “আমি তোমাদের বলছি!” তিনি ইয়োবের থেকে তার পাঠ্যটি নিয়েছিলে, “যখন আমি পৃথিবীর ভিত্তিমূল স্থাপন করি, তখন তুমি কোথায় ছিলে? যদি তোমার বুদ্ধি থাকে, তবে বল।”

51 এই সমস্ত অন্যান্য প্রচারকরা নিয়মিত খ্রীষ্টের বিষয়ে প্রচার করছিলেন। আমি তাদের কথা শুনছিলাম, উপভোগ করছিলাম। কিন্তু সেই বৃদ্ধ বালকটি নয়! তিনি পৃথিবী শুরু হওয়ার প্রায় দশ হাজার বছর আগে ফিরে গিয়েছিলেন। তিনি স্বর্গে উঠেছিলেন এবং আকাশের ওপারে নেমে আসেন, কি ঘটছিল। তারা দিনের বেলায় যা প্রচার করছিল, চলছিল; তিনি স্বর্গে যা ঘটছিল তা প্রচার করছিলেন। তিনি খ্রীষ্টকে অনুভূমিক মেঘধনুতে ফিরিয়ে আনেন, অনন্ত কালের কোথাও। কেন, সেই বৃদ্ধ লোকটিকে প্রায় পাঁচ মিনিট প্রচার করতে পারেননি, কিছু তাকে ধরে ফেলে। তিনি বাতাসে লাফিয়ে উঠেন এবং তার গোড়ালি একসাথে করে আওয়াজ করেন, আর চিৎকার করে বললেন, “হুইপি!” আমি এখানে যতটা জায়গা পেয়েছি, তার প্রায় ততটা জায়গা ছিল। তিনি বললেন, “আপনাদের কাছে আমার প্রচার করার জন্য পর্যাপ্ত জায়গা নেই,” আর তিনি চলে গেলেন।

52 ঠিক আছে, আমি ভাবলাম, “যদি এটি প্রায় আশি বছর বয়সী একজন ব্যক্তির সাথে এরকম করে, তবে এটি আমার সাথে কী করবে? আমি এটাই চাই। এটাই আমি চাই।”

53 আমাকে এটাই ধরেছিল। এখন, আমরা এখন ভূতদের নিয়ে কথা বলছি। আমি কি পেয়েছি, আমি দুজন লোককে দেখেছি।

একজন একপাশে বসে ছিলেন, আর একজন অন্য পাশে। আর যখন আত্মা নেমে আসেন, তখন সেই লোক দুজন উঠে দাঁড়ায় এবং অন্য ভাষায় কথা বলে আর চিৎকার করে, এবং মুখের চারপাশে সাদা হয়ে যায়। আর আমি ভাবলাম, “ওহ, আমার, যদি আমি এটা পেতাম!” দেখুন? “কি চমৎকার! ওহ, সেটি...আমি এটা ভালোবাসি!” ঠিক আছে, আমি ভুট্টার ক্ষেতে চলে যাই। আমি আপনাদেরকে আমার জীবনের কাহিনী বলেছি। আপনারা এটি বইয়ে পড়েন। আমি সারা রাত ঘুমিয়েছিলাম। আর আমি পরের দিন সকালে ফিরে আসি, আমি ভেবেছিলাম আমি পরীক্ষা করব। আমার কাছে এমন কিছু করার একটি উপায় আছে যা ঈশ্বর এবং আমি ছাড়া আর কেউ জানে না। তাই, আমি একটি দৃষ্টান্ত গ্রহণ করি এবং একজন মানুষের আত্মার সাথে দেখা করতে যাই। আপনারা এটি ঠিক এখানে প্ল্যাটফর্মে দেখতে পান। দেখুন? আর তাই তখন আমি সেই লোকদের একজনের সাথে কথা বলতে থাকি। আমি তাদের দেখি, তারা একসাথে বসেছিলেন, আর তারা হাত ধরে নাচতে থাকেন আর চিৎকার করতে থাকেন। আমি ভাবলাম, “ওহ, আমার, এটা আমার কাছে বাস্তব মনে হয়!”

54 আর আমি তার একটি হাত ধরলাম। আমি বললাম, “আপনি কেমন আছেন, মহাশয়?”

55 তিনি বললেন, “আপনি কেমন আছেন।” খুব ভালো মানুষ, ভদ্রলোক টাইপের মানুষ। তিনি বললেন...

আমি বললাম, “আপনি কি একজন সেবক?”

তিনি বললেন, “না, মহাশয়। আমি একজন সাধারণ সদস্য।”

56 আর আমাকে তার সাথে একটু কথোপকথন করতে হয়েছিল যাতে আমি তার আত্মাকে ধরতে পারি। দেখুন? তিনি সেটা জানতেন না। কেউ জানত না। আমি কখনই এ সম্পর্কে কিছু বলিনি। অনেক বছর পরে, আমি এটি উল্লেখ করার পূর্বে। তাই তারা...কিন্তু যখন আমি খুঁজে পাই, এটা সত্য ছিল, ঠিক যেমন নিখুঁত, একজন খ্রিস্টান ব্যক্তি! সেই ব্যক্তি নিশ্চিত ঈশ্বরের একজন পবিত্র ব্যক্তি ছিলেন। আমি ভাবলাম, “ভাই, সেটা ঠিক আছে।”

57 কিন্তু অদ্ভুত বিষয়, যখন আমি অন্য লোকটিকে ধরে ফেললাম, এটি বিপরীত ছিল। এমনকি তিনি এমন একজন মহিলার সঙ্গে বসবাস করছিলেন যিনি তার স্ত্রী ছিলেন না। সেটা ঠিক। আর আমি এটা তার কাছে আসতে দেখেছি, একটি দর্শন। আমি ভাবলাম, “ওহ, আমার, এটা এমন হতে পারে না।” আর সেই ব্যক্তি...আমি

ভাবলাম, “এখন, এখন, তাদের মধ্যে এই আত্মাটি সঠিক নয়। এটাই সেখানে ছিল।”

58 তাই সেই রাতে যখন...সভায় গেলেন, আর আশীর্বাদ নেমে আসছিল, আমি ঈশ্বরের কাছে প্রার্থনা করছিলাম, আর পবিত্র আত্মা, প্রভুর দূত সাক্ষ্য দেন যে সেটি পবিত্র আত্মা ছিল। আর একই আত্মা *এই* ব্যক্তির উপর পতিত হয়েছিল, *সেই* ব্যক্তির উপর পতিত হয়েছিল। আর যখন আত্মা নেমে আসে, তারা উভয়ই উঠে দাঁড়ায়, এবং তারা উভয়ই চিৎকার করে এবং প্রভুর প্রশংসা করে, এবং অন্য ভাষায় কথা বলে এবং নাচ করে। আমি বললাম, “আমি—আমি—আমি এটা বুঝতে পারছি না, প্রভু। সেই...আমি এটা বাইবেলে দেখতে পাচ্ছি না, যেখানে এটা সেই রকম হতে পারে।” এখন আমি বললাম, “হয়তো আমি প্রতারিত হয়েছি।” দেখুন? আমি বললাম...এখন, এখানে, আমি—আমি পারব না... আমি—আমি বাইবেলের বিষয়ে কঠোরভাবে মৌলিক। এটা, এটা হতে হবে। দেখুন? আমি বললাম, “প্রভু, আপনি আমার অবস্থা জানেন, আর আমি—আমাকে আপনার বাক্যে এটা দেখতে হবে। আর আমি—আমি বুঝতে পারছি না। যখন পবিত্র আত্মা *এই* ব্যক্তির উপর পতিত হন, তখন পবিত্র আত্মা *সেই* ব্যক্তির উপর পতিত হন, আর তাদের মধ্যে একজন সাধু এবং অন্যজন ভণ্ড। আর আমি জানি এটা ঠিক।” আমি এটা জানি। তা ছাড়া...আমি লোকটিকে বাইরে নিয়ে গিয়ে তার কাছে প্রমাণ করতে পারতাম, অথবা তাকে ঠিক সেখানে ডেকে এই বিষয়ে বলতাম।

59 আমি যেমন পেরেছিলাম, সেই লোকটি গত রাতে এখানে বসে ছিলেন, তিনি একজন—একজন প্রতারক ছাড়া আর কিছুই ছিলেন না, যদি সেখানে কেউ বসে থাকে। আর আমার তাকে ডাকা উচিত ছিল, কিন্তু সে উঠে ঝগড়া শুরু করত। তাই আমি তাকে ছেড়ে দিয়েছিলাম, সভার দিকে লক্ষ্য করে, কিন্তু আমি তাকে জানতাম। হ্যাঁ, মহাশয়।

সেখানে একজন, তাদের মধ্যে দুজন, ঠিক সেখানে বসে আছেন, অন্য রাতে, এখানে শহরের একটি নির্দিষ্ট গির্জার অন্তর্গত। প্রকৃত সমালোচক! আমি তাদের দেখেছি। কিন্তু, আপনি যদি করেন, সে শুধু একটি ঝামেলা শুরু করত। আমি এটা অনেকবার করেছি। আমি শুধু তাদের একা ছেড়ে দিই, দেখুন। এটা ঠিক আছে। ঈশ্বর জানেন, তিনি বিচারক। তাদের একবার আমাকে ডাকতে দিন, আর তারপর আপনি কিছু ঘটতে দেখবেন, আপনারা দেখুন, তাকে যেতে দিন।

দিয়াবলের মতো, আমি কখনও দিয়াবলকে ডাকিনি। সে শুধু আমার কাছে এসে আমাকে চ্যালেঞ্জ করে। তারপর যখন ঈশ্বর কাজ করতে যান, দেখুন, এটা ঠিক, আর আপনারা দেখেছেন কি ঘটেছে। ঠিক আছে। কিন্তু আমি এটা ছেড়ে দিয়েছি। সভাকে কঠিন করে তুলেছিল, কারণ সেই আত্মা আমার মধ্যে সব সময় চলমান, দেখুন। তাই আমি এগিয়ে গেলাম।

60 কিন্তু এখন, এই লোকেরা, আমি এটা বুঝতে পারিনি। আর এটা দুই বছর পরে, অথবা তিন বছর পরে, যখন আমি গ্রীনস মিল, ইন্ডিয়ানা, এখানে, স্কাউট রিজার্ভেশনে ছিলাম। আমি একটি পুরানো গুহায় ছিলাম যেখানে আমি প্রার্থনা করতে যাই। আর সেখানে, আমি বললাম, "প্রভু, আমি বুঝতে পারছি না সেই লোকদের দলটির কি হয়েছে। আমার জীবনে, আমার দেখা সেরা লোকদের, আর আমি—আমি বুঝতে পারছি না যে এটি কীভাবে ভুল আত্মা হতে পারে। যখন এটা...যদি তাহলে...আপনি আমার হৃদয়ের সততা জানেন। আপনি জানেন, আমি আপনাকে কতো ভালোবাসি এবং কিভাবে আমি আপনার সেবা করেছি। আর সেই একই আত্মা যিনি এখানে আছেন, আমার সঙ্গে, তাদের উপর ছিলেন। আর এখানে এটা সেই লোকটির উপর ছিলেন, সেখানে, ঠিক একইভাবে।" তাই আমি বুঝতে পারিনি।

61 আর প্রভু তাঁর করুণাতে নেমে এসে আমাকে দেখালেন। এখানে এটা যেখানে ছিল। এটি প্রথমে শাস্ত্রীয় হতে হবে। তিনি বললেন, "তোমার বাইবেল তুলে নাও।" আর আমি আমার বাইবেল তুলে নিলাম। আমি অনুমান করি আমি সেই বাইবেলটি দশ মিনিট ধরে রেখেছিলাম কাউকে ছাড়াই...আরো কোন বাক্য আসছে। আমি কয়েক মুহূর্ত অপেক্ষা করলাম। আমি তাকে আবার বলতে শুনলাম, "ইব্রীয় ৬ খুলে পাঠ কর।" আর আমি তা করলাম। আর যখন এটি সেখানে নেমে আসে, যেখানে বলা হয়েছে, "কারণ যে ভূমি আপনার উপরে পুনঃ পুনঃ পতিত বৃষ্টি পান করিয়াছে, আর যাহাদের নিমিত্ত উহা চাষ করা গিয়াছে...কিন্তু যদি কাঁটাবন ও শ্যাকুল উৎপন্ন করে, তবে তাহা অকর্ম্মণ্য ও শাপের সমীপবর্ত্তী, জ্বলনই তাহার পরিণাম।" আর আমি এটা ঠিক সেখানেই ধরে ফেললাম।

আমি ভাবলাম, "সেখানে এটা রয়েছে। ঈশ্বরকে ধন্যবাদ! সেখানে এটা আছে।" দেখুন?

62 এখন, যীশু বলেছেন, "একজন বীজ বপনকারী বীজ বপন করিলেন," তিনি কি করেননি? এখন, আপনারা সবাই এখানে খ্রিস্টান। প্রত্যেকে তাদের হাত তুলেছিল, যেভাবেই হোক,

পেন্টিকোস্টাল, নতুন জন্মগ্রহণকারী খ্রিস্টানরা। ঠিক আছে। তারা...আর তিনি বললেন, "একজন বীজ বপনকারী বের হলেন, বীজ বপন করিলেন। আর তিনি নিদ্রা গেলে পর..." তার বিশ্রাম, মৃত্যু, এর মধ্যে। দেখুন? "আর তিনি নিদ্রা গেলে পর, শত্রু আসিয়া ঐ ক্ষেত্রে শ্যামাঘাসের বীজ বপন করিয়া চলিয়া গেল।" শ্যামাঘাস কি? আগাছা, ঝোপঝাড় ইত্যাদি। এখন, "আর যখন চাষী (প্রচারক) এই শ্যামাঘাসগুলিকে বড় হতে দেখলেন, তখন বললেন, 'আমাকে তাদের তুলে ফেলতে দিন।' তিনি বললেন, 'না, না। আপনি গমও তুলে ফেলবেন। তাদের উভয়কে একসাথে বড় হতে দিন।'"

63 এখানে একটি গমের ক্ষেত আছে। সেখানে লতাপাতা, নেটটল বল (এক ধরনের উদ্ভিদ), দুর্গন্ধযুক্ত আগাছা, এর মধ্যে অন্য সবকিছু আছে। এটা কি ঠিক? কিন্তু, এখন, সেখানে গম রয়েছে। এখন, বৃষ্টি প্রায়ই পৃথিবীতে আসে, এটিকে জল দেওয়ার জন্য। এখন, বৃষ্টি কিসের জন্য আসে? নেটটল বলকে জল দেওয়ার জন্য নয়। এখন দেখুন এবং মনোযোগ দিন। গুল্ম আগাছাকে জল দেওয়ার জন্য নয়। গমের জন্য বৃষ্টি পাঠানো হয়, কিন্তু গমের মতোই নেটটল বল এবং আগাছা তৃষ্ণার্ত হয়। আর গমের উপর যে বৃষ্টি পতিত হয়, সেই একই বৃষ্টি আগাছার উপর পড়ে। আর ছোট্ট আগাছাটি ঠিক এইভাবে সোজা হয়ে দাঁড়াবে, এবং খুশি এবং আনন্দিত হবে, ঠিক যতটা ছোট গম উঠেবে এবং নিজেকে দাঁড় করাবে।

64 "তোমরা উহাদের ফল দ্বারাই উহাদিগকে চিনিতে পারিবে।" সেখানে আপনি। দেখুন? এখন, একই পবিত্র আত্মা একজন ভণ্ডকে আশীর্বাদ করতে পারেন। এটি আপনাদের মধ্যে থেকে কিছু আর্মিনিয়ানকে ছিটকে দিয়েছে, কিন্তু এটাই সত্য। এটাই সত্য। পবিত্রতা শেখানো হয়েছে, যা আমিও পবিত্রতায় বিশ্বাস করি। কিন্তু একই আত্মা, ধার্মিক এবং অন্যায়ের উপর বৃষ্টি বর্ষণ করে, কিন্তু তাদের ফল দ্বারা আপনি তাদের জানতে পারবেন।

65 আমি যদি এখানে দেখি আর গম আনতে যাই, আমি গম পাব, কিন্তু আগাছা সব আবদ্ধ করা হয়েছে। আর তারা সেই একই বৃষ্টির উপর জীবনধারণ করে যা গমের জন্য পড়েছিল। বৃষ্টি আগাছার জন্য পাঠানো হয়নি, এটি গমের জন্য পাঠানো হয়েছিল। কিন্তু বৃষ্টি ক্ষেতে হওয়ার ফলে, গম...গমের ক্ষেতে আগাছা থাকার ফলে, সে বৃষ্টি থেকে ঠিক ততটাই সুবিধা পেয়েছিল যতটা বাকিরা পেয়েছিল। আর সেই একই বৃষ্টি যা গমকে বাঁচিয়েছিল, আগাছাকে জীবন্ত করে।

66 প্রাকৃতিক সমস্ত বিষয় এক আধ্যাত্মিক প্রকার বর্ণিত করে, যেমন আমরা শিক্ষা দিচ্ছি। সেখানে এটা আছে, ভৌতিক বিদ্যা, ভূতরা খ্রিস্টান ধর্মের ছদ্মবেশ ধারণ করে, আশীর্বাদ সহ। এটা স্কিম দুধ নয়, ভাইয়েরা, যদি আপনারা এটা নিতে পারেন। দেখুন? দেখুন? এখন, এটা—এটা সত্য।

67 তাই, আমি চিৎকার করতে পারি বলে আমি আজ রক্ষা পাইনি। আমি মনে করি যে আমার উদ্ধার হয়েছে, এই অনুভবের দ্বারা আমি রক্ষা পাইনি। আমি রক্ষা পেয়েছি কারণ আমি এই বাইবেলে ঈশ্বরের দেওয়া শর্ত পূরণ করেছি। যীশু বলেছেন, "যে ব্যক্তি আমার বাক্য শুনে, ও যিনি আমাকে পাঠাইয়াছেন, তাঁহাকে বিশ্বাস করে, সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে, এবং বিচারে আনীত হয় না, কিন্তু সে মৃত্যু হইতে জীবনে পার হইয়া গিয়াছে।" আমি এটা বিশ্বাস করি। সেটা ঠিক। আর সেই শর্তে আমি পরিত্রাণ পেয়েছি, কারণ ঈশ্বর তাই বলেছেন।

68 যদি তিনি আমাকে বলেন আপনি রক্ষা পেয়েছেন কারণ কেউ বলেছিল, "একটি প্রবল বাতাস আমার মুখে আঘাত করেছিল," সেটা চমৎকার, কিন্তু আমি জানতে চাই যে, ছুটে আসা শক্তিশালী বাতাস আমার মুখে আঘাত করার আগে কোথা থেকে এসেছিল, দেখুন। এখন, প্রবল বাতাস আপনাকে আঘাত করার পরে আপনি কি ধরনের জীবনযাপন করতে যাচ্ছেন? দেখুন? দেখুন, আপনার ফলের দ্বারাই আপনি পরিচিত। সুতরাং, দিয়াবল খ্রিস্টানদের মধ্যে ঠিক কাজ করতে পারে। আপনারা এটা বিশ্বাস করেন? পৌলের দিকে দেখুন, পৌল বলেছেন...

69 এখন এখানে অন্তিম বর্ষা...যদি আপনাদের মধ্যে কেউ এখানে থাকেন, যদি আমি আপনাদের বিরুদ্ধে কিছু বলে থাকি তাহলে আমাকে ক্ষমা করবেন। আমি আপনার বিরুদ্ধে আর কিছু বলব না অথবা অ্যাসেম্বলির বিরুদ্ধে, অথবা যে কোনো, ব্যাপটিস্ট, অথবা অন্য কারো বিরুদ্ধে। এটা সত্য, তাই যা সত্য। আপনারা যেখানে সরে গিয়েছেন, সেটা হল: আপনারা তাদের মধ্য থেকে সেই লোকদের ভাববাদী তৈরি করছেন যা ভাববাদী নয়। ভাববাদীরা "উপরে হাত রেখে" প্রেরিত হন না। ভাববাদীরা জন্ম নেন। দেখুন? বাইবেলে, ভবিষ্যদ্বাণীর একটি *দান* রয়েছে। সেখানে আপনাদের ভুল ছিল, ভবিষ্যদ্বাণীর দান এবং একজন ভাববাদীর মধ্যে। দান...

70 "ঈশ্বর, পূর্ব্বকালে বহুভাগে ও বহুরূপে ভাববাদীদের মাধ্যমে পিতৃলোকদের সঙ্গে কথা বলেছেন, এই শেষ সময়ে তাঁর পুত্র, খ্রীষ্ট যীশুর মাধ্যমে।" আর খ্রীষ্টের দেহের মধ্যে নয়টি আধ্যাত্মিক দান

কাজ করে। আর এটি আজ রাতে *এই* মহিলার উপর হতে পারে, ভবিষ্যদ্বাণী, তার বাকি জীবনে কখনও নাও হতে পারে। এটি পরের রাতে *এই* মহিলার উপর হতে পারে। পরের বার *এই* পুরুষের উপর হতে পারে। পরের বার, সেখানে পিছনে *সেই* পুরুষের কাছে যেতে পারে। এটা তাকে ভাববাদী করে না, কাউকে ভাববাদী করে না। এটা আপনার মধ্যে ভবিষ্যদ্বাণীর একটি দান।

71 আর সেই ব্যক্তি বা সেই ভবিষ্যদ্বাণী মণ্ডলীকে দেওয়ার আগে, এটি দুই অথবা তিনজন আধ্যাত্মিক বিচারকের সামনে বিচারে আসতে হবে। এটা কি ঠিক ? সেই অনুসারে, এখন, পৌল বলেছেন, "তোমরা সকলে এক এক করিয়া ভাববাণী বলিতে পার।" যদি *এই* ব্যক্তির কাছে কিছু প্রকাশিত হয়, তবে *সে* শান্ত থাকুক। ঠিক আছে, আজকের শিক্ষা অনুসারে এটি তাহলে, পুরো দলকে ভাববাদী করে তুলবে। না, পেন্টিকোস্টাল চার্চ, আমাদের কাছে সবকিছু এলোমেলো হয়ে গেছে। আর এই কারণেই ঈশ্বর ভিতরে আসতে পারেন না, যতক্ষণ না আমরা বিষয়টিকে সোজা করে বাইবেল থেকে বের করি। সেটা ঠিক। আপনাকে সঠিক পথে আসতে হবে। আপনি নকশা না দেখে কি করে একটি বাড়ি তৈরি করতে পারেন ? দেখুন ? আপনাকে সঠিক ভাবে শুরু করতে হবে।

72 এখন, সেখানে, একজন ভাববাদী, আপনি কখনও কাউকে যিশাইয়, মোশির সামনে দাঁড়াতে দেখেননি। একদিন কোরহ, একজন দাঁড়িয়েছিলেন, এবং তার সাথে বিতর্ক করার চেষ্টা করেছিলেন, আর ঈশ্বর বললেন, "নিজেকে আলাদা কর, আমি পৃথিবী খুলে দিতে যাচ্ছি আর..." একজন ভাববাদীর জন্ম হয়। "দান এবং আহ্বান...অনুশোচনা-রহিত।" এটা ঈশ্বরের পূর্বনির্ধারণ, শিশুকাল থেকে। সবকিছু ঠিক ছিল, ঠিক যা তিনি বলেছিলেন, যা সত্য এবং প্রমাণিত এবং প্রকাশ করা হয়েছিল। এটা ঈশ্বরের বাক্য, ভাববাদীর কাছে আসে। কিন্তু ভবিষ্যদ্বাণীর একটি দান মণ্ডলীতে রয়েছে।

73 এখন আপনারা বলেন, "ঠিক আছে, ভাববাদীরা পুরাতন নিয়মে।" ওহ, না ! নতুন নিয়মে ভাববাদীরা ছিলেন।

74 আগাব ছিলেন একজন—একজন নতুন নিয়মের ভাববাদী। দেখুন ভবিষ্যদ্বাণীর আত্মা সেখানে পতিত হয় এবং পৌলকে এই বিষয়ে বলে। তারপর এখানে যিরূশালেম থেকে আগাব আসেন, আর পৌলকে দেখতে পান, আর তার কটিবন্ধনে নিজেকে বেঁধে ফেলেন, আর বললেন, "**সদাপ্রভু এই কথা কহেন**, যে ব্যক্তির এই কটিবন্ধন, তাহাকে যিহূদীরা যিরূশালেমে এইরূপে বাঁধিবে।"

আগাব, যিনি উঠে দাঁড়িয়ে বলেছিলেন, ভবিষ্যদ্বাণী করেছিলেন কি ঘটবে, তিনি একজন ভাববাদী ছিলেন, ভবিষ্যদ্বাণীর দান সহ একজন ব্যক্তি ছিলেন না।

75 আর আরোগ্যকরণের দান এবং সেই সমস্ত দান, আমার পেন্টিকোস্টাল বন্ধুরা, আপনারা এটি মিশ্রিত করেছেন। দানগুলি মণ্ডলীতে রয়েছে, মণ্ডলীর যে কোনও ব্যক্তির অধীনস্থ, যে কোনও ব্যক্তি যিনি দেহে বাপ্তিস্ম নিয়েছেন। "সকলেই একই আত্মাতে বাপ্তাইজিত হইয়াছি।" আর বাইবেল বলে...

"ঠিক আছে, আমি আরোগ্যদানের দান পেয়েছি।"

76 ঠিক আছে, বাইবেল বলে, "একে অপরের কাছে আপনার দোষ স্বীকার কর, এবং একে অপরের জন্য প্রার্থনা কর।" প্রত্যেক ব্যক্তি একে অপরের জন্য প্রার্থনা কর। আমরা একটি বিভক্ত দল নই; আমরা একটি সম্মিলিত, সমবেত দল। দেখুন?

এখন, সেখানে কখনও কখনও শয়তান কাজ করে।

77 এখন দেখুন পৌল কি বলেছেন, "কেউ যদি অন্যভাষায় কথা বলেন আর অন্যজন তা ব্যাখ্যা করেন, আর তিনি যাহা কিছু বলেছেন, মণ্ডলী তাহা গ্রহণ করার পূর্বে তার বিচার করুক।"

78 এখন, এটি শাস্ত্রের একটি উদ্ধৃতি, অথবা এই জাতীয় কিছু হবে না। ঈশ্বর নিজেকে পুনরাবৃত্তি করবেন না। কিন্তু এটা মণ্ডলীর জন্য একটি সতর্কবাণী হবে। তারপর যদি ভালো বিচারকরা বলেন, "আসুন এটা গ্রহণ করি।" ঠিক আছে, এটি প্রভুর থেকে ছিল। দ্বিতীয়জন বলেন, "আসুন এটি গ্রহণ করি।" "দুই অথবা তিনজন সাক্ষীর মুখে, প্রতিটি কথা স্থির হোক।" তারপর মণ্ডলী এটি গ্রহণ করুক এবং এর জন্য প্রস্তুতি করুন। তিনি যা বলেছেন, যদি তা না ঘটে, তাহলে আপনাদের মাঝে একটি মন্দ আত্মা রয়েছে। সেটা ঠিক। আর যদি তা ঘটে, তাহলে ঈশ্বরকে ধন্যবাদ দিন, ঈশ্বরের আত্মা আপনাদের মধ্যে আছেন। দেখুন? সেখানে আপনাদের দেখতে হবে এবং সতর্ক থাকতে হবে। তাই, এগিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। আমার নীল চোখ থাকলে, আমি সেটি বাদামী চোখ করতে পারি না, দেখুন, আমাকে নীল চোখ নিয়ে সন্তুষ্ট থাকতে হবে। এখন, সেখানে ভূতরা আধ্যাত্মিক লোকদের মাঝে কাজ করে।

79 এখন আমরা এখানে একটি গভীর কিছু পেয়েছি, এবং আমি আশা করি এটি খুব গভীর নয়। এখন প্রথম শমূয়েল ২৮ এ, আমি এখানে কিছু বাক্য পাঠ করতে চাই। আমি চাই আপনারা মনোযোগ দিয়ে শুনুন। আর আমি "ভূতদের" বিষয়ে বলতে চাই,

আপনারা দেখুন যে তারা কীভাবে মণ্ডলীতে কাজ করে, এবং কিভাবে শয়তানের কাছে প্রতিটি আসল বিষয়ের জন্য একটি নকল বিষয় রয়েছে। এখন আপনারা দেখতে পাবেন, বাইবেল অনুসারে, যে শয়তান খ্রিস্টানদের মধ্যে আসে এবং তারা ছদ্মবেশ ধারণ করে।

80 আর অনেকবার আমরা লোকদের খ্রিস্টান বলে ঘোষণা করেছি, যখন তারা বলে, "আমি যীশু খ্রীষ্টকে বিশ্বাস করি।" কেন, শয়তান একই জিনিস বিশ্বাস করে, এবং কাঁপতে থাকে। যে আপনি পরিত্রাণ পেয়েছেন এটি এর কোন চিহ্ন নয়। এই রাতগুলির মধ্যে একটিতে আমি নির্বাচন নিয়ে কথা বলতে চাই, আর তারপর আপনারা দেখতে পাবেন পরিত্রাণের অর্থ কী। দেখুন? এটি এমন কিছুই নয় যা আপনাকে এর সাথে করতে হবে, প্রথমে, অথবা শেষে, অথবা আপনি এই বিষয়ে কিছুই করতে পারবেন না। ঈশ্বর একজন মানুষকে রক্ষা করেন, নিঃশর্তভাবে। বালক, এটা গভীরভাবে ডুবে গেছে, তাই নয় কি? এখন, আপনার সিস্টেম থেকে এটিকে বের করে দিতে পারে, যখন আমরা এটিতে আছি। ঠিক আছে।

81 অব্রাহাম আমাদের বিশ্বাসের শুরু ছিলেন। এটা কি ঠিক? ওহ, অব্রাহামের কাছে প্রতিশ্রুতি ছিল। আর ঈশ্বর অব্রাহামকে ডেকেছিলেন কারণ তিনি একজন মহান ব্যক্তি ছিলেন, আমি অনুমান করি? না, মহাশয়। তিনি বাবিল থেকে বেরিয়ে আসেন, কল্‌দিয়া দেশ—দেশে, ঊর নগরে, ঈশ্বর তাকে ডেকেছিলেন এবং তার সাথে তার নিয়ম স্থির করেছিলেন, নিঃশর্ত। "আমি তোমাকে রক্ষা করব। আর শুধু তোমাকে নয়, অব্রাহাম, কিন্তু আপনার বংশকেও," নিঃশর্তভাবে।

82 ঈশ্বর মানুষের সঙ্গে একটি নিয়ম স্থাপন করেছিলেন, আর মানুষ প্রতিবার তার নিয়ম ভঙ্গ করে; মানুষ কখনোই ঈশ্বরের সঙ্গে তার নিময় পালন করেনি (ব্যবস্থা কখনও পালন করা হয়নি; তারা ব্যবস্থা পালন করতে পারেনি; খ্রীষ্ট এসেছিলেন এবং স্বয়ং ব্যবস্থা ভেঙ্গে ফেলেন।) কারণ অনুগ্রহ ইতিমধ্যেই একজন ত্রাণকর্তা প্রদান করেছিল, মোশি, বেরিয়ে আসার একটি পথ প্রদান করেছিলেন, আর তারপরে, বরং পালানোর জন্য, আর তারপরে লোকেরা, তার পরে, তারা তবুও কিছু করতে চেয়েছিল। মানুষ সবসময় নিজেকে বাঁচানোর জন্য কিছু করার চেষ্টা করে, যখন আপনি তা করতে পারেন না। এটা তার স্বভাব। যখন সে জানতে পারল যে সে নগ্ন, এদন উদ্যানে, সে কিছু ডুমুর পাতা দিয়ে ঘাগ্‌রা তৈরি করেছিল। সেটা কি ঠিক? কিন্তু সে জানতে পারে যে সেটি কাজ করবে না। একজন মানুষ নিজেকে কোনভাবে বাঁচাতে পারে না। নিঃশর্তভাবে,

সকল যুগেই, ঈশ্বর আপনাকে রক্ষা করেন। আর যখন আপনি রক্ষা পান, আপনি পরিত্রাণ পান।

83 অব্রাহামের দিকে দেখুন। সেখানে সেই লোকটি ছিল, চলে যান, এবং ঈশ্বর তাকে ফিলিস্তিনের ভূমি দেন এবং তাকে সেখান থেকে কোথাও না যেতে বলেছিলেন। যে কোন ইহুদি যিনি ফিলিস্তিন ছেড়ে চলে যায় সে বিপথগামী হয়। ঈশ্বর তাকে সেখানে থাকতে বলেছিলেন। যদি ঈশ্বর আপনাকে অন্য কিছু করতে বলেন, আর আপনি তা না করেন, তাহলে আপনি বিপথগামী হয়েছেন। এটা কি ঠিক ? ঠিক আছে, একটি দুর্ভিক্ষ আসে, অব্রাহামের বিশ্বাস পরীক্ষা করার জন্য। আর অব্রাহাম সেখানে থাকার পরিবর্তে, না, তিনি সেখানে থাকতে পারেননি, তিনি পালিয়ে যান, আর সারাকে নিয়ে প্রায় তিনশ মাইল দূরে (যদি আমাদের সেই বিষয়ে যাওয়ার সময় থাকত) অন্য দেশে চলে যান।

84 আর যখন তিনি সেখানে গেলেন, আর তখন তিনি সেখানে এই রাজাকে পেয়ে যান, অবীমেলক। তিনি একজন যুবক ছিলেন এবং তিনি একজন প্রণয়ীকে খুঁজছিলেন, তাই তিনি অব্রাহামের স্ত্রী সারাকে খুঁজে পান, এবং তার প্রেমে পড়ে যান। আর অব্রাহাম বললেন, "এখন, তুমি তাকে বলো যে তুমি আমার বোন আর আমি তোমার ভাই।"

85 তাই অবীমেলক খুশি হলেন, তাই তিনি বললেন, "ঠিক আছে, আমরা তাকে দুর্গে নিয়ে যাব।" আর আমি অনুমান করি যে মহিলারা তাকে সাজিয়ে ছিল, আর তিনি পরের দিন তাকে বিয়ে করতে যাচ্ছিলেন।

86 আর অবীমেলক একজন ভালো মানুষ ছিলেন, একজন ধার্মিক মানুষ ছিলেন। আর সেই রাতে, যখন তিনি ঘুমিয়ে ছিলেন, সদাপ্রভু তাকে দেখা দিয়ে বললেন, "তুমি একজন মৃত মানুষের মতো।" তিনি বললেন, "সেই পুরুষের...যে মহিলাকে তুমি বিয়ে করার জন্য বাইরে যাচ্ছ, সে অন্য পুরুষের স্ত্রী।" এখন দেখুন। "অন্য পুরুষের স্ত্রী।"

87 কেন, তিনি বলেছিলেন, "সদাপ্রভু, আপনি আমার হৃদয়ের সততা জানেন," একজন ধার্মিক, পবিত্র ব্যক্তি। "আপনি আমার হৃদয়ের সততা জানেন। সেই লোকটি আমাকে বলেছিল যে সে তার 'বোন।' আর সে কি আমাকে বলে নি, স্বয়ং, যে সে 'আমার ভাই' ?"

88 তিনি বললেন, ঈশ্বর বললেন, "আমি তোমার হৃদয়ের সততা

জানতাম, আর সেই কারণেই আমি তোমাদের, আমার বিরুদ্ধে পাপ করা থেকে বিরত রেখেছি। কিন্তু সে আমার ভাববাদী!" হালেলুইয়া!

89 তিনি কি ছিলেন? বিপথগামী, আর একটু, শুয়ে থাকা ভন্ড। এটা কি ঠিক? ওহ্, না, সেখানে কোন সাদা মিথ্যা নেই। তারা হয় কালো মিথ্যা অথবা তারা মোটেও মিথ্যা কথা নয়। সেই লোকটি সেখানে বসে একটি সোজা মিথ্যা কথা বলছে, বলছে যে সে তার "বোন", যখন সে তার স্ত্রী ছিল, মিথ্যা কথা বলছে, এবং বিপথগামী।

90 আর এখানে একজন ধার্মিক ব্যক্তি ঈশ্বরের সামনে দাঁড়িয়ে বলেছিলেন, "প্রভু, আপনি আমার হৃদয় জানেন।"

91 "কিন্তু আমি তোমার প্রার্থনা শুনব না, অবীমেলক, তাকে নিয়ে যাও...তাকে ফিরিয়ে দেও এবং তাকে তোমার জন্য প্রার্থনা করতে বলো। সে আমার ভাববাদী; আমি তার কথা শুনব।" হ্যাঁ, একজন বিপথগামী, মিথ্যাবাদী, কিন্তু, "সে আমার ভাববাদী।" সেটি সত্য? এটাই বাইবেল।

92 এখন, ক্যালভিনবাদের পক্ষে এখানে খুব বেশি অগ্রসর হবেন না, "একবার অনুগ্রহ, সর্বদাই অনুগ্রহ," কারণ আপনি অপমানিত মনে করবেন। দেখুন? এখন, এক মুহূর্তের জন্য, আমরা এই সপ্তাহে সময় পাব এটিকে সামনে আনার জন্য এবং আপনাকে দেখানোর জন্য এটি কতটা সমান্তরাল। কিন্তু ভাববেন না যে আপনি কিছু ভুল করেছেন বলে আপনি চিরতরে চলে গেছেন। আপনি ঈশ্বরের সন্তান, আপনি ঈশ্বরের আত্মা থেকে জন্মগ্রহণ করেছেন, আপনি ঈশ্বরের পুত্র এবং কন্যা, আর ফল নিজেই এর সাক্ষ্য বহন করবে। সেখানে আপনি।

93 এখন, এখানে আমরা, দেশে বসে আছি। এখন, আমি এখানে পাঠ করতে চাই, ৬ষ্ঠ পদ।

> *তখন শৌল সদাপ্রভুর কাছে জিজ্ঞাসা করিলেন, কিন্তু সদাপ্রভু তাঁহাকে উত্তর দিলেন না, স্বপ্ন দ্বারাও নয়, ঊরীম দ্বারাও নয়,* ভাববাদি *দ্বারাও নয়।*
>
> *তখন শৌল আপন দাসগণকে কহিলেন, আমার জন্য একটী ভূতড়িয়া স্ত্রীলোকের অন্বেষণ কর, আমি তাহার কাছে গিয়া জিজ্ঞাসা করিব।*

আমি ঠিক এখানে কাছে কিছু রাখতে পারি, শুধু..."আমার জন্য একটী ভূতড়িয়া স্ত্রীলোকের অন্বেষণ কর।"

*...তাঁহার দাস কহিল, দেখুন, ঐন্-দোরে একটা ভূতড়িয়া স্ত্রীলোক আছে।*

*তখন শৌল ছদ্মবেশ ধরিলেন, অন্য বস্ত্র পরিলেন ও দুই...জন পুরুষকে সঙ্গে লইয়া যাত্রা করিলেন, এবং রাত্রিতে সেই স্ত্রীলোকটির কাছে আসিলেন: আর কহিলেন, বিনয় করি,...তুমি আমার জন্য ভূতের দ্বারা মন্ত্র পড়িয়া, যাঁহার নাম আমি তোমাকে বলিব, তাঁহাকে উঠাইয়া আন।*

*সে স্ত্রীলোক তাঁহাকে কহিল, দেখ, শৌল যাহা করিয়াছেন, তিনি যে ভূতড়িয়াদিগকে ও গুণীদিগকে দেশের মধ্য হইতে উচ্ছিন্ন করিয়াছেন, তাহা তুমি জ্ঞাত* আছ: অতএব*...আমাকে বধ করিতে আমার প্রাণের বিরুদ্ধে কেন ফাঁদ পাতিতেছ?*

*তখন শৌল তাহার কাছে সদাপ্রভুর দিব্য করিয়া কহিলেন, জীবন্ত সদাপ্রভুর দিব্য, এজন্য তোমার উপরে দোষ আসিবে না...*

*তখন সেই স্ত্রীলোক জিজ্ঞাসা করিল, আমি তোমার কাছে কাহাকে উঠাইয়া...আনিব? তিনি কহিলেন, শমূয়েলকে উঠাইয়া আন।*

*পরে সেই স্ত্রীলোক শমূয়েলকে দেখিতে পাইয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিয়া উঠিল: আর সেই স্ত্রীলোক শৌলকে কহিল, আপনি কেন আমাকে প্রতারণা করিলেন? আপনি শৌল।*

*রাজা তাহাকে কহিলেন, ভয় নাই: তুমি কি দেখিতেছ? স্ত্রী লোকটা শৌলকে কহিল,* আমি*...দেখিতেছি, দেবতারা ভূমি হইতে উঠিয়া আসিতেছেন।*

*শৌল জিজ্ঞাসা করিলেন, তাঁহার আকার কেমন? সে কহিল, এক জন বৃদ্ধ উঠিতেছেন; তিনি পরিচ্ছদে আবৃত। তাহাতে শৌ-...*(এটা সেই ভাববাদীর পরিচ্ছদে, অবশ্যই। দেখুন?)*...বুঝিতে পারিলেন, তিনি শমূয়েল, আর মস্তক নমনপূর্ব্বক ভূমিতে...অধোমুখ হইয়া প্রণিপাত করিলেন।*

*পরে শমূয়েল শৌলকে বলিলেন, কি জন্য আমাকে* উঠাইয়া *কষ্ট দিলে? শৌল বলিলেন, আমি মহাসঙ্কটে পড়িয়াছি; পলেষ্টীয়েরা আমার বিরুদ্ধে যুদ্ধ করিতেছে, ঈশ্বরও আমাকে ত্যাগ করিয়াছেন, আমাকে আর উত্তর দেন না,* ভাববাদি *দ্বারাও নয়, স্বপ্ন দ্বারাও নয়: অতএব*

*আমার যাহা কর্ত্তব্য, তাহা আমাকে জানাইবার নিমিত্ত... আপনাকে ডাকাইলাম।*

আর *তখন শমূয়েল কহিলেন, যখন*...আমাকে *কেন জিজ্ঞাসা...কর, যখন সদাপ্রভু তোমাকে ত্যাগ করিয়াছেন, আর—আর তোমার বিপক্ষ হইয়াছেন ?*

*সদাপ্রভু আমা দ্বারা যেরূপ বলিয়াছিলেন, সেইরূপ আপনার জন্য করিলেন: ফলতঃ সদাপ্রভু তোমার হস্ত হইতে রাজ্য টানিয়া ছিঁড়িয়াছেন ও তোমার প্রতিবাসী... দায়ূদকে দিয়াছেন:*

94 এখন, আপনারা অনেকেই এর সাথে পরিচিত। এখন আমরা ঠিক ভিতরে প্রবেশ করতে চাই, আর ঈশ্বর আমাদের সাহায্য করুন, কয়েক মুহূর্তের জন্য, এতে প্রবেশ করার জন্য। এখন দেখুন। সেখানে একজন ব্যক্তি ছিলেন, শৌল, যাকে একবার ভাববাদী হিসাবে বিবেচনা করা হত, কারণ তিনি ভাববাদীদের সঙ্গে ভবিষ্যদ্বাণী করতেন। এটা কি ঠিক, শিক্ষকরা ? এখন, এখানে লোকটি বিপথগামী হয়ে পড়ে। এটা কি ঠিক ? কিন্তু মনে রাখবেন যেখানে শমূয়েল বলেছিলেন যে সে তার সঙ্গী হবে, পরের দিন। অকালে চলে যান, দেখুন। ঠিক আছে, আপনি যদি ঈশ্বরকে কিছু মনে না করেন, ঈশ্বর আপনাকে পৃথিবী থেকে সরিয়ে নিবেন।

95 সেখানে করিন্থীয়দের চিঠিতে দেখুন, পৌল কীভাবে সেই লোকদের শৃঙ্খলাবদ্ধ করেছিলেন। তিনি বলেছিলেন, “প্রথমে, আমি তোমাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিই, যে তোমাদের মধ্যে এই ধরনের কোন বিষয় নেই, ইত্যাদি, আর কিভাবে—কিভাবে তোমরা কোন আধ্যাত্মিক দান থেকে বঞ্চিত হও নাই।” তাদের বলছিলেন যে তারা কি ছিল, খ্রীষ্টে অবস্থানগতভাবে। তারপর তিনি তাদের উপর হাতুড়ি মারতে শুরু করলেন, তাদের মহিলা প্রচারকদের সম্পর্কে এবং তারা কীভাবে কাজ করছিল তা বলেন, আর তারা কিভাবে প্রভুর মেজ থেকে ভোজন করছিল।

এমনকি একজন ব্যক্তি তার সৎ মায়ের সঙ্গে বাস করছিল, আর তিনি খ্রীষ্টে এই ব্যক্তিকে বলেছিলেন, “একে শয়তানের হাতে সমর্পণ কর, দৈহিক বিনাশের জন্য, যেন প্রাণ পরিত্রাণ পায়।” দেখুন, এটাই, তাকে সমর্পণ কর। বাইবেল বলে, “এই জন্য তোমাদের মধ্যে অনেকে পীড়িত ও দূর্বল, এবং অনেকে ঘুমিয়ে পড়েছে,” পাপের কারণে অকালে চলে গেছে। ঈশ্বর তোমাকে পথ থেকে সরিয়ে নিয়েছেন; একটি ভাল লক্ষণ আপনি একজন খ্রিস্টান

ছিলেন, যদি আপনাকে নেওয়া হয়।

96 সুতরাং, এখন এখানে লক্ষ্য করুন, শৌলকে ভাববাদীদের একজন অথবা ভাববাদীদের মধ্যে বিবেচনা করা হত, কারণ তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন। আর এখন সে বিপথগামী হয়ে পড়ে, কারণ সে ঈশ্বরের অবাধ্য হয়েছিল, আর তার রাজ্য তার হাত থেকে ছিন্ন হয়ে দায়ূদের হাতে অর্পিত হয়, যাকে ঈশ্বর শমূয়েলের দ্বারা অভিষিক্ত করেছিলেন, তেল দিয়ে।

97 লক্ষ্য করুন, তখন, ঈশ্বরের কাছ থেকে উত্তর খুঁজে বের করার জন্য তাদের কাছে তিনটি উপায় ছিল; প্রথমটি হল—হল ভাববাদী, দ্বিতীয়টি স্বপ্ন এবং তৃতীয়টি ছিল ঊরীম ও তুম্মীম। আর তারা উভয়ই উত্তর দেবে না। এখন, আপনি জানেন একজন ভাববাদী কাকে বলে, আপনি জানেন আধ্যাত্মিক স্বপ্ন কি, এবং আপনি জানেন ঊরীম ও তুম্মীম কি ছিল। আপনারা জানেন, অন্য দিন আমি একজন—একজন ব্যক্তিকে ঊরীম সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম, আর সেই লোকটি আমাকে বলতে পারেনি এটা কি, ঊরীম ও তুম্মীম। অবশ্যই, ঈশ্বর এইগুলির দ্বারা উত্তর দিয়েছিলেন। দেখুন?

98 আর শয়তান তাদের প্রত্যেকের একটি নকল তৈরি করে; জাদুকর, মিথ্যা ভাববাদী, এবং স্ফটিক গ্লাজার। দেখুন?

এখন, ঊরীম ও তুম্মীম হারোণের বুকের উপর ঝুলানো ছিল, *এখানে*, আর ঊরীম ও তুম্মীম সেই পাথরের উপর আবৃত ছিল। আর তারা তা মন্দিরে ঝুলিয়ে রাখত। আর যখন তারা নিশ্চিত হতেন না, তারা ঈশ্বরের সামনে যেতেন, উত্তরের জন্য, এবং ঊরীম ও তুম্মীমে একটি আলো জ্বলে উঠত, যে, এটা ঈশ্বরের ইচ্ছা, অথবা না। এখন, যখন ঊরীম ও তুম্মীম উত্তর দিত না...এখন, এটা ঈশ্বরের কাছ থেকে সরাসরি উত্তর ছিল।

এখন, আজকের ঊরীম ও তুম্মীম; জ্যোতিষী একটি স্ফটিক বল গ্রহণ করে, এর নকল করার জন্য; একটি মিথ্যা জিনিস। ঈশ্বর ত্রিত্বে আছেন; ঈশ্বরের শক্তি ত্রিত্বের মধ্যে রয়েছে। আর শয়তান একটি ত্রিত্বে আছে, আর তার শক্তি ত্রিত্বের মধ্যে রয়েছে। আমি বাইবেল দ্বারা এটা প্রমাণ করতে পারি। আর সেই ঊরীম এবং তুম্মীম, সেই...কেবল স্ফটিক বল যা শয়তান আজ ব্যবহার করে। আর আজ এখানে মিথ্যা ভাববাদী, আমাদের কাছে এখন যে একজন, ছিল, অথবা, ভূতড়িয়া, অথবা ভবিষ্যদ্বাণীকারী, ভাববাদীর স্থান গ্রহণ করে, শয়তানের পক্ষে থেকে। দেখুন আমি কি বলতে চাইছি?

99 এখন, তাহলে, আজ ঊরীম ও তুম্মীম এই বাইবেলে রয়েছে।

যদি কেউ একটি ভবিষ্যদ্বাণী করে অথবা একটি স্বপ্ন দেখে থাকে, এবং এটি ঈশ্বরের বাইবেলের সাথে সদৃশ না হয় বা প্রতিধ্বনি না করে, তবে এটি মিথ্যা। এটা বিশ্বাস করবেন না।

100 খুব বেশি দিন আগে নয়, একজন ব্যক্তি আমার কাছে আসেন, ভারত থেকে, যেখানে আমি যাওয়ার জন্য ঠিক করছি, একজন প্রচারক। তিনি বললেন, "ভাই ব্রানহাম, আমি এখানে এসেছি।" বললেন, "একজন মহিলা পবিত্র আত্মা পেয়েছিলেন, আর," বললেন, "তিনি একজন মিষ্টি, সুন্দর মহিলা ছিলেন।" তিনি বললেন, "আর সে চারবার বিয়ে করেছিল, আর সে তার চতুর্থ স্বামীর সঙ্গে বসবাস করছিল। আর আমি বললাম, 'ঠিক আছে, এটা কিভাবে হতে পারে, প্রভু?'" আর বললেন, "আমি তার কাছে গিয়ে বললাম, 'ওহ, ঈশ্বরের মহিমা!' বললেন, 'হালেলুইয়া! প্রভুর প্রশংসা হউক!'" এই ধরনের একজন, আপনারা জানেন। "বললেন, হালেলুইয়া! প্রভুর প্রশংসা হউক!'" বললেন, "প্রভু আমাকে বলেছেন, 'এখানে, আমি তোমাকে একটি স্বপ্ন দেখাতে যাচ্ছি।'" আর বললেন, "আমি স্বপ্নে দেখেছি যে আমার স্ত্রী, আমি তাকে ব্যভিচারে জীবনযাপন করতে দেখেছি। আর সে আমার কাছে ফিরে এসে বলল, 'ওহ, তুমি কি আমাকে ক্ষমা করবে, ভিক্টর? তুমি কি আমাকে ক্ষমা করবে? আমি করিনি...' 'কেন,' আমি বললাম, 'অবশ্যই, আমি তোমাকে ক্ষমা করব এবং তোমাকে ফিরিয়ে নেব।'" তিনি বললেন, "এখন, আমি সেটাই করেছি।" বললেন, "দেখুন, আমি ক্ষমা করেছি।"

101 আমি বললাম, "ভিক্টর, তোমার স্বপ্ন খুব সুন্দর ছিল, কিন্তু শয়তান তোমাকে এটা দিয়েছে।"

তিনি বললেন, "কেন?"

102 আমি বললাম, "ঈশ্বরের বাক্যের সঙ্গে তুলনা করবেন না। সে ব্যভিচারে জীবনযাপন করছে। নিশ্চিতভাবে। সে চার পুরুষের সঙ্গে বসবাস করতে পারে না। ঠিক। সে তাকে ছেড়ে তার প্রথমের দিকে ফিরে যায়, সে তার শুরুর চেয়ে খারাপ কাজ করেছে। তাকে অবিবাহিত থাকতে হবে, বাকি জীবন।" আমি বললাম, "আপনি জানেন যে ঈশ্বরের বাক্যের সঙ্গে সেটি সদৃশ হয় না। তাই তার... আপনার স্বপ্ন মিথ্যা ছিল।" আমি বললাম, "বাক্যের সঙ্গে এর তুলনা হয় না।"

103 আর যখন একজন ভাববাদী একটি ভবিষ্যদ্বাণী করেন, আর তারা বলেন, এবং সেই ভবিষ্যদ্বাণীটি সত্য কিনা তা দেখতে চান,

তারা তা ঊরীম ও তুম্মীমের সামনে রাখেন। আর যদি ঈশ্বরের রব ঊরীম ও তুম্মীমের উপর আলো নিক্ষেপ করে, তাহলে এটা ছিল পরম, সত্য। আর যদি একজন ব্যক্তি ব্যাখ্যা দেন, স্বপ্ন দেখেন, বাইবেলের কিছু বলেন, অথবা অন্য কিছু বলেন, এবং এটি ঈশ্বরের বাইবেলের সাথে মিলে না যায়, এটি মিথ্যা। আজ সেখানে ঊরীম ও তুম্মীম রয়েছে। ঈশ্বরের বাক্য কথা বলে, এবং এটি ঈশ্বরের রবকে সরাসরি প্রদান করে, যেমন ঊরীম ও তুম্মীম বাইবেল লেখার আগে ছিল। আমেন! হালেলুইয়া! আমি এখন ধার্মিক বোধ করছি। আমাকে ধর্মান্ধ মনে করবেন না, যদি আপনারা করে থাকেন। আমি জানি, আমি জানি আমি কোথায় আছি। আমি উত্তেজিত নই। সেটা ঠিক।

104 এখানে সত্য রয়েছে, ঈশ্বরের বাক্য! আপনি কোন ধরনের স্বপ্ন দেখেছেন, অথবা আপনি কোন ধরনের ভবিষ্যদ্বাণী করেছেন, তাতে আমার কিছু যায় আসে না, যদি এটি ঈশ্বরের বাক্যে না থাকে, তবে এটি ভুল, যদি এটি সেই বাক্যের সঙ্গে তুলনা না করে। আজকের সমস্যা সেখানেই। একজনের স্বপ্ন আছে, একজনের দর্শন আছে, একজনের অন্য ভাষা রয়েছে, একজনের কাছে ব্যাখ্যা রয়েছে; এটি পুরো ব্যাপারটা এত এলোমেলো করে দিয়েছে, ইত্যাদি, আপনারা ধর্মসম্প্রদায় তৈরী করেছেন এবং সবকিছু ভেঙে দিয়েছেন। আপনাদের এটিকে একটি চূড়ান্ত ভিত্তিতে ফিরিয়ে আনা উচিত, আর সেটি ঈশ্বরের বাক্য। সেটা সত্য।

105 গীর্জা নির্মিত হয়েছে, একজন বলেছেন, "ওহ, যীশু একটি সাদা ঘোড়ায় চড়ে আসছেন। আমি জানি। আমি তাকে দর্শনে দেখেছি।" তারা সেই ধরণের একটি গির্জা তৈরি করে। "ওহ, হালেলুইয়া! তিনি মেঘের উপর আসছেন।" তারা এটি সেই ধরনের তৈরি করে। তাদের ভেঙে ফেলে, আর আলাদা করে, এবং একে অপরকে বলে "শকুনের স্থান," এবং "উকুনের আড্ডা," এবং এইরকম সবকিছু। কেন, ভাই, এটা দেখায় যে, প্রথম স্থানে, আপনি যখন এটা করেন তখন আপনার হৃদয় ঈশ্বরের সঙ্গে সঠিক নয়। সেটা ঠিক। আমরা সকলে ভাই। আমাদের একে অপরের সঙ্গে একত্রিত থাকতে হবে। আমাদের একে অপরের প্রয়োজন আছে।

106 এখন দেখুন। শৌল বিপথগামী হয়ে পড়েন, আর তিনি সেখানে যান। তিনি, ঈশ্বর, তার থেকে মুখ ফিরিয়ে নিয়েছিলেন। আর তিনি সেখানে গিয়ে ভাববাদীদের কাছে জিজ্ঞাসা করলেন। ভাববাদীরা গিয়ে এবং ভবিষ্যদ্বাণী করার চেষ্টা করেন, আর ঈশ্বর ছিন্ন করেছিলেন, কোন দর্শন দেননি। ভাববাদী বেরিয়ে এসে বলেন,

"আমি পারব না। না। তিনি আপনার বিষয়ে আমাকে কিছু বলেনি।"

107 ঠিক আছে, তখন তিনি বললেন, "প্রভু, আমাকে একটি স্বপ্ন দিন।" রাতের পর রাত, কোন স্বপ্ন আসে না।

108 তখন তিনি ঊরীম ও তুম্মীমের কাছে গেলেন, আর বললেন, "হে ঈশ্বর! আমি ভাববাদীদের কাছে গিয়েছি, আমি স্বপ্ন দেখার চেষ্টা করেছি, এখন আপনি আমাকে সাহায্য করুন। আপনি কি এটা করবেন?" এটা ছিন্ন করেন, কোন আলো জ্বলেনি।

109 তারপর তিনি একটি ভূতড়িয়ার আশ্রয় নেন, নিম্ন, অধঃপতিত। আর তিনি তার কাছে গেলেন, এবং ছদ্মবেশ ধারণ করে সেখানে হামাগুড়ি দিয়ে প্রবেশ করেন। আর এই ভূতড়িয়া সেখানে গিয়ে শমূয়েলের আত্মাকে ডেকে আনেন।

110 এখন, আমি জানি আপনারা কি ভাবছেন। অনেকে বলে, "তিনি শমূয়েল ছিলেন না।" কিন্তু বাইবেল বলে যে তিনি ছিলেন শমূয়েল ছিলেন, আর তিনি শমূয়েল ছিলেন। আপনারা এটা কিভাবে ধরতে পারেন তা অদ্ভুত, তাই নয় কি? কিন্তু তিনি শমূয়েল ছিলেন। বাইবেল বলেছে তিনি ছিলেন।

111 আর সেই ভূতড়িয়া তাকে ডাকতে পারেন, আর সে শমূয়েলকে ডেকেছিলন। আর শমূয়েল অন্য কোথাও ছিলেন, কিন্তু কি ঘটছে সে সম্পর্কে সচেতন ছিলেন, আর তখনও তার উপর ভাববাদীর চাদর নিয়ে দাঁড়িয়ে ছিলেন। সুতরাং, ভাই, যখন আপনি মারা যান, আপনি মৃত নন, আপনি অন্য কোথাও বসবাস করেন, অন্য কোথাও।

112 আমাকে এক মিনিট থামাতে দিন, এই ভৌতিক বিদ্যাকে একটু নিচে নামিয়ে রাখার জন্য। সে একটি ভূতড়িয়া ছিল, কিন্তু তার আত্মিক জগতের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগে ছিল। এখন, আজ, অনেক আধ্যাত্মবাদীরা আছেন যারা নিজেকে খ্রিস্টান বলে দাবি করে, তাদের চেয়ে আধ্যাত্মিক জগৎ সম্পর্কে সত্যিই বেশি জানেন, তবুও সে একটি ভূতড়িয়া। বাইবেলের সময়ে এটি একই বিষয় ছিল।

113 যীশু যখন পৃথিবীতে ছিলেন, সেখানে সেই অধ্যাপক, পণ্ডিত এবং শিক্ষকরা ছিলেন, তাদের কিছু সেরা ব্যক্তিগণ, আমরা আজ যা তৈরি করতে পারি তার চেয়ে ভালো সেমিনারি থেকে বেরিয়ে এসেছিলেন। তাদের পবিত্র, প্রখ্যাত মানুষ হতে হবে। যদি একজন লেবীয়কে খুঁজে পাওয়া যেত, তাহলে তাকে সব দিক থেকে নির্দোষ, ধার্মিক হতে হবে। আর তবুও সেই মানুষটি ঈশ্বর বিষয়ে বেশি কিছু জানতেন না যেমন একটি খরগোশ তুষার জুতো বিষয়ে

জানে। যখন যীশু আসেন, সে তাকে চিনতে ব্যর্থ হয়, আর সে যীশুকে "শয়তান" অবিহিত করে। সে বলেছিল, "তিনি বেল্‌সবূল, দিয়াবলের রাজকুমার।" সেটা কি ঠিক ?

114 আর এখানে সর্বনিম্ন ধরণের দিয়াবল আসে, যার একজন লোক সমাধিতে বাঁধা ছিল, আর সবকিছু, আর তারা চিৎকার করল। শয়তান নিজেই বলল, "আমরা জানি আপনি কে। আপনি ঈশ্বরের পুত্র, সেই পবিত্রজন।" এটা কি ঠিক ? ভূতড়িয়া এবং জাদুকর, শয়তান, তাকে ঈশ্বরের পুত্র বলে চিনত; যখন শিক্ষিতরা, ধর্মতাত্ত্বিক সেমিনারি প্রচারকরা তাকে বেল্‌সবূল বলে স্বীকৃতি দিয়েছিল। কোনটি সঠিক ছিল, শয়তান না যাজকরা ? শয়তান সঠিক ছিল। আর, ভাই, আজও খুব বেশি পরিবর্তন হয়নি। তারা ঈশ্বরের শক্তি স্বীকার করে না।

115 আপনি যতই শিক্ষা পান না কেন, আপনি এটি আপনার মধ্যে ঢালতে পারেন। ঈশ্বর বড় বড় কথায় নয়। ঈশ্বর সৎ হৃদয়ে আছেন। আপনি এখানে দাঁড়াতে পারেন, বড় বড় কথা বলতে পারেন, যা আমি জানি না কি, এটি আপনাকে ঈশ্বরের নিকটে নিয়ে আসে না। আপনি দাঁড়িয়ে অনুশীলন করতে পারেন কিভাবে আপনার ধর্মোপদেশ পুনরাবৃত্তি করতে হয় এবং এই বিষয়গুলি বলতে হয়, সেটি আপনাকে ঈশ্বরের কাছে নিয়ে আসে না। আপনি শব্দকোষ শিখতে পারেন, যতক্ষণ না এটি নিয়ে ঘুমিয়ে পড়েন, কিন্তু এটি আপনাকে ঈশ্বরের নিকটবর্তী করে না। একটি নম্র, নিবেদিত হৃদয়, সরলতায়, আপনাকে ঈশ্বরের কাছে নিয়ে আসে। আর সেটা সত্য। আমেন ! একটি নম্র হৃদয়, ঈশ্বর ভালবাসেন। এখন, আপনি যদি আপনার ABC [সর্বদা খ্রীষ্টে বিশ্বাস করুন—অনুবাদক।] না জানেন, তবে সেটা কোন পার্থক্য করবে না। শুধু একটি নম্র হৃদয় ! ঈশ্বর নম্র হৃদয়ে বাস করেন; শিক্ষায় নয়, এটি বিদ্যালয়ে নয়, ধর্মতত্ত্বে নয়, সেমিনারিতে নয়, এই সমস্ত অন্যান্য বিভিন্ন স্থানে নয়; বড় কথায় নয়, অথবা বিশেষ স্থানে নয়। ঈশ্বর মানুষের হৃদয়ে বাস করেন। আর আপনি যত নীচে নিজেকে ভেঙে ফেলতে পারেন, যত সরল হবেন, আপনি ঈশ্বরের দৃষ্টিতে তত বড় হতে পারেন।

116 আমাকে আপনাদের কিছু দিতে দিন। আমি দেখছি আপনাদের ক্ষেত এখানে গমে ভরা। গমে ভরা শিষ সর্বদা নত হয়। একটি ছোট শিষ সেখানে মাথা উচুঁ করে আছে, আর এমনভাবে ঘুরছে যেন সে সবকিছু জানে, এটি তার মাথায় নেই। এই লোকদের অনেকের সঙ্গে এইভাবেই হয়ে থাকে যারা মনে করে, তাদের মাথায় অনেক কিছু আছে, এবং তাদের হৃদয়ে কিছুই নেই। একটি পবিত্র মাথা নত হবে

শক্তির কাছে, যীশু খ্রীষ্টকে ঈশ্বরের পুত্র হিসাবে স্বীকার করবে, এবং তাঁর কাজগুলিতে বিশ্বাস করবে।

117 "আর তিনি গতকালও একই ছিলেন।" ওহ, তারা তাকে চিনতে পারে, নিশ্চিতভাবে, একটি ঐতিহাসিক দৃষ্টিকোণ থেকে। কিন্তু এটা ইতিহাসের বিষয় নয়। লোকেরা দাঁড়িয়ে বলে, "ওহ, আমি পেন্টিকোস্টে বিশ্বাস করি, যখন তাদের উপর পবিত্র আত্মা নেমে আসে এবং এইরকম বিষয়গুলি," আর একটি আগুন অঙ্কন করে। একটি হিমায়িত ব্যক্তিকে একটি অঙ্কন করা আগুন দ্বারা উষ্ণ করা যায় না। অঙ্কন করা আগুন গরম হয় না। সেটাই তারা ছিল। আজ তিনি কি, যদি তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই থাকেন? সেটি অঙ্কন করা আগুন। কোন ব্যক্তি ঠান্ডায় মারা যাচ্ছেন, বলুন, "তাদের সেই বড় আগুনটি দেখুন।" কেন, এটি আপনাকে উষ্ণ করে না।

118 পেন্টিকোস্টে তারা যা করেছিল, প্রাথমিক নিয়মে তাদের যা ছিল, আমরা আজ পেয়েছি! আর যত তাড়াতাড়ি ঈশ্বর জিনিসটি সমান করতে পারেন, এবং মণ্ডলী একত্রিত হয়, স্বর্গারোহণ ঘটবে। কিন্তু আমরা ঐশ্বরিক আরোগ্যকরণের জন্য বিশ্বাস পাই না, স্বর্গারোহণকে ছেড়ে দিন, কারণ আমরা সবাই বিভিন্ন পথে চলে গিয়েছি, একজন *এই* দিকে একজন *ওই* দিকে। "ডাক্তার *অমুক-অমুক* বলেছেন এটি *এই* দিকে। ঠিক আছে, আমার প্রচারক বলেছেন তিনি হলেন *ইনি*।"

119 কিছুক্ষণ আগে, একজন মহিলা বলেছিলেন, "সে একজন ভণ্ড।" বললেন, "আমার যাজক আমাকে তাই বলেছেন।" আমি আশা করি তার যাজক একবার এখানে আসবেন, আমরা দেখব কে ভণ্ড ছিল। হ্যাঁ। আমরা দেখব কে ভণ্ড ছিল। আসুন এটি করে দেখুন।

120 এখানে কিছুদিন আগে, টেক্সাসের হারলিংজেনে, আমরা সেখানে একটি সভা করছিলাম। সেই রাতে যখন আমি সেখানে গিয়েছিলাম তখন তাদের গাড়ির উপরে বড় বড় চিহ্ন ছিল, বলছিল যে এফবিআই আমাকে একজন ভণ্ড বলে প্রকাশ করতে সেখানে ছিল। তাই একটি ছোট্ট মেয়ে, টেক্সাসে সেখানে কোথাও সে সুস্থ হয়েছিল। সে দূরে ছিল, আর, আমি—আমি অনুমান করি, প্রায় হাজার মাইল দূরে, প্যানহ্যান্ডেলের আশেপাশে। আর এটি হার্লিংজেনে, সীমান্তের কাছে ছিল। ভাই ব্যাক্সটার এসে বললেন, "ভাই ব্রানহাম," বললেন, "আপনি সেখানে চার বা পাঁচ হাজার লোকের এমন বিশৃঙ্খলা কখনও দেখেননি।" আর বললেন, "আর

তারপর, চারপাশে, এফবিআই আপনাকে আজ রাতে প্ল্যাটফর্মে ধরার জন্য প্রস্তুত, আপনাকে সকলের সামনে প্রকাশ করার জন্য।"

আমি বললাম, "ঠিক আছে, আমি এতে খুশি।"

121 বললেন, "আপনি জানেন সেই ছোট্ট মেয়েটি যে অন্য রাতে সুস্থ হয়েছিল ?"

122 আমি বাড়ি থেকে আসছিলাম...আমার রুমে যাচ্ছিলাম। আমি কিছু কান্নার শব্দ শুনতে পেলাম, আর চারপাশে তাকালাম। আমি ভেবেছিলাম হয়তো কাউকে আক্রমণ করেছে। এটা একটি মেয়ে ছিল। আমি পিছনে তাকালাম। আমি বললাম...আমি ফিরে গেলাম, আমি বললাম, "কি ব্যাপার, ম্যাডাম ?" আর সেখানে দুটি ছোট মেয়ে দাঁড়িয়ে ছিল, প্রত্যেকে প্রায় সতেরো, আঠারো বছর বয়সী, তারা একে অপরকে জড়িয়ে ধরে কাঁদছিল।

123 বলল, "ভাই ব্রানহাম!" আমি বুঝতে পারলাম যে তারা আমাকে চিনত। বলল, "আমরা, আমি তাকে এখানে নিয়ে এসেছি।" বলল, "তাকে পাগলের প্রতিষ্ঠানে যেতে হবে।" আর ছোট্ট মেয়েটি টেক্সাসের লুবক-এ আমার সভায় ছিল। আর বলল, "আমি জানি, যদি আমি তাকে এখানে নিয়ে আসি আর আপনি তার জন্য প্রার্থনা করেন, আমি বিশ্বাস করি ঈশ্বর তাকে সুস্থ করবেন।"

124 ঠিক আছে, আমি ভাবলাম, "কি বিশ্বাস!" আর আমি বললাম, "ঠিক আছে, এখন, বোন, তুমি কি তাকে নিয়ে আসতে পার..." আর ঠিক তখনই আমি বললাম, "তুমি এখানে একটি হলুদ রোডস্টারে করে এসেছ, তাই না ?"

বলল, "হ্যাঁ!"

আর আমি বললাম, "তোমার মা অচল।"

সে বলল, "সেটা ঠিক।"

আমি বললাম, "তুমি মেথডিস্ট চার্চে যাও।"

সে বলল, "সেটি একদম সত্য।"

125 আর আমি বললাম, "রাস্তায়, তুমি প্রায় উল্টে গিয়েছিলে। তুমি যখন এখানে আসো তখন তুমি আর এই মেয়েটি হাসছিলে যেখানে এটি অর্ধেক কংক্রিট এবং অর্ধেক পিচ রাস্তা ছিল, আর তুমি একটি বাঁক ঘুরছিলে।"

সে বলল, "ভাই ব্রানহাম, এটাই সত্য!"

আমি বললাম, "আর, **সদাপ্রভু এই কথা কহেন**, সেই মেয়েটি সুস্থ হয়েছে।"

126 পরের দিন সে শহরটি জ্বালিয়ে দিচ্ছিল, সবাইকে বলছিল, এটি বিষয়ে বলে বেড়াচ্ছিল। অবশ্যই, তারা তাকে সেখানে চিনত না, সে কখনও এই অবস্থায় ছিল কিনা তারা তা জানত না। আর সেই দিন আমি...ভাই ব্যাক্সটার বললেন, "ভাই ব্রানহাম," বললেন, "সেই মেয়েরা তাদের স্যুটকেস গুছিয়ে নিচ্ছে।" আর এটি এমন একটি বিষয় যা তিনি জানতেন না, যে সেটি আমি জানতাম। আমাদের আর্থিক অবস্থা ভেঙ্গে গিয়েছিল। আমি তাকে কখনই এই বিষয়ে কথা বলতে দিইনি। কিন্তু তাদের মধ্যে একজন মেয়ে তার আগের রাতে সেই—সেই প্রেমদানে নয়শ ডলার দিয়েছিল, আর আর্থিক অবস্থাকে শীর্ষে নিয়ে আসে। এখন, তিনি জানতেন না, তিনি আজ পর্যন্ত এটা জানেন না, কিন্তু আমি এটা জানতাম। দেখুন? যে আমি...ঈশ্বর আমাকে বলেছিলেন সব ঠিক হয়ে যাবে।

127 আর ভাই ব্যাক্সটার বললেন, "ভাই ব্রানহাম," বললেন, "আপনি আমাকে একটু টানতে দিন।" বললেন, "তাদের এখানে কিছু ঐশ্বরিক আরোগ্যদানকারী ব্যক্তিরা এসেছিল যারা এই লোকদের টেনে নেয়।"

128 আমি বললাম, "কিছু না। না, মহাশয়। আপনি এটা করবেন না। ভাই ব্যাক্সটার, যখনই আপনি টাকার জন্য এইভাবে টানবেন, সেই সময় আপনি এবং আমি ভাই হিসাবে একে অপরের সাথে হাত মেলাব, আমি একা চলে যাব।" দেখুন? আমি বললাম, "আপনি এটি করবেন না।" আমি বললাম, "ঈশ্বর এক হাজার পাহাড়ের গবাদি পশুর মালিক, আর সবকিছু তাঁরই। আমি তাঁরই অন্তর্গত। তিনি আমার যত্ন নিবেন।"

তিনি বললেন, "ঠিক আছে।"

129 আর সেই রাতেই তিনি বললেন, "ভাই ব্রানহাম, এখানে দেখুন। কেউ...এখানে দেখুন! এখানে একটি খাম রয়েছে, এতে কোন নাম নেই, এতে নয়টি একশ ডলারের বিল রয়েছে। ঠিক যা আমাদের প্রয়োজন।"

আমি বললাম, "ভাই ব্যাক্সটার।"

তিনি বললেন, "আমাকে ক্ষমা করুন।"

130 তখন আমি বুঝতে পারলাম যে এটি সেই মেয়েটি। তাই তারপরের—তারপরের দিন, ভাই ব্যাক্সটার বললেন, "ভাই ব্রানহাম, তারা সেখানে তাদের কাপড় গুছাচ্ছে, কাঁদছে।"

আমি বললাম, “কি ব্যাপার ?”

বললেন, “আপনি সেখানে গিয়ে তাদের দেখলে ভালো হবে।”

131 তারা যে ঘরে ছিল আমি সেখানে গেলাম। আমি বললাম, “তারা কোন ঘরে রয়েছে ?” আমি সেখানে গিয়ে দরজায় ধাক্কা দিলাম। আমি তাদের কান্না শুনতে পেলাম। আমি দরজায় ধাক্কা দিলাম, আর মেয়েটি দরজার কাছে আসল, সে বলল, “ওহ, ভাই ব্রানহাম, আমি দুঃখিত।” সে বলল, “আমি আপনাকে এই সমস্ত কষ্ট দিয়েছি।”

আমি বললাম, “কষ্ট ? কি ব্যাপার, বোন ?”

সে বলল, “ওহ, আমি আপনার পিছনে এফবিআই নিয়ে এসেছি।”

আর আমি বললাম, “ওহ, এটা কি ঠিক ?”

132 বললেন, “হ্যাঁ।” বলল, “আমি অনুমান করি যে আমি আজ শহরে খুব বেশি সাক্ষ্য দিয়েছি, ইত্যাদি।”

আমি বললাম, “না।”

133 আর সে বলল, “ভাই ব্রানহাম, এফবিআই সেখানে আছে, সেখানে আছে, আজ রাতে আপনাকে সকলের সামনে প্রকাশ করতে যাচ্ছে।”

134 আমি বললাম, “ঠিক আছে, যদি আমি—যদি আমি কিছু ভুল করি, আমাকে প্রকাশ করা দরকার।” দেখুন ? আমি বললাম, “অবশ্যই। যদি সুসমাচার প্রচারের জন্য প্রকাশ হওয়ার প্রয়োজন হয়, ঠিক আছে, আসুন সেটি করা যাক।” দেখুন ? আমি বললাম, “আমি—আমি—আমি এই বাইবেলের দ্বারা জীবিত আছি, আর এই বাইবেল যা বলে না...এটি আমার প্রতিরক্ষা, ঠিক এখানে।” দেখুন ? আর আমি বললাম, আর সে...

সে বলল, “ঠিক আছে,” বলল, “আমি যা করেছি তার জন্য আমি দুঃখিত।”

আমি বললাম, “তুমি কিছুই করোনি, বোন।”

সে বলল, “ঠিক আছে, আপনি কি সেখানে যেতে ভয় পান না ?”

আর আমি বললাম, “না।”

সে বলল, “ঠিক আছে, এফবিআই সেখানে আছে।”

135 আমি বললাম, “ঠিক আছে, তারা আগে আমার সভায় এসেছিল এবং তারা পরিত্রাণ পেয়েছিল।” আমি বললাম, “মহাশয় আল ফারার...”

136 ক্যাপ্টেন আল ফারার, আপনারা অনেকেই ওয়াশিংটনের টাকোমায় তার ধর্মান্তরের কথা জানেন, পরিত্রাণ পেয়েছিলেন, ঠিক একটি শুটিং গ্যালারির নিচে। সভায় এসে, তিনি বললেন, “আমি দুই বছর ধরে এই লোকটিকে অনুসরণ করেছি। আর আমি আর্থিক বিষয়ে শুনেছি, আর আমি এটা দেখেছি, আর সব জায়গায় গিয়েছি।” আর বললেন, “এটা সত্য, আপনারা আজ রাতে একজন ধর্মান্ধের কথা শুনছেন না, আপনারা সত্য শুনছেন।” বললেন, “পুলিশ বাহিনীর একজন লোক, যার সন্তানকে আমি একজন ডাক্তারকে দেখিয়েছিলাম, তাকে প্রার্থনার লাইনের মধ্য দিয়ে পাঠিয়েছিলাম,” আর বললেন, “শিশুটির যা সমস্যা ছিল ঠিক তাকে তাই বলা হয়েছিল, আর তার যা হয়েছিল। আর বললেন, ‘আট দিনের মধ্যে সে স্কুলে ফিরে যাবে,’” একজন পোলিও রোগী। আর বললেন, “অষ্টম দিনে শিশুটি স্কুলে ফিরে যায়।” বললেন, “আমি দুই বছর ধরে তাকে অনুসরণ করেছি,” দশ হাজার লোকের সামনে। সেখানে এটা...সেখানে এর একটি ছবি রয়েছে, সিয়াটল সভা, আপনার বইয়ে—বইয়ে। তিনি বললেন, “আমি চাই আপনারা সকলে জানুন যে আপনারা কোন ধর্মীয় বাজে কথা শুনছেন না। আপনারা সত্য শুনছেন।” ক্যাপ্টেন আল ফারার। আর পরের দিন আমি তাকে ঈশ্বরের কাছে নিয়ে যাই, আর তিনি পবিত্র আত্মার বাপ্তিস্ম গ্রহণ করেন, একটি শুটিং গ্যালারিতে, সেখানে বড় জায়গায়।

আমি বললাম, “হয়তো এই লোকটিও তাই করবে।”

তাই সে বলল, “আপনি কি সেখানে যেতে ভয় পাচ্ছেন ?”

137 আমি বললাম, “ভয় ? কেন, অবশ্যই না। অবশ্যই না। কেন আমি ভয় পাব যখন ঈশ্বর আমাকে এটা করতে পাঠিয়েছেন ? তিনিই যুদ্ধ করেন, আমি নই।” তাই আমি বললাম, “এখন, আমি চাই তোমরা সকলে দূরে থাকো।” আর তাই...

138 আমরা সেই রাতে সভাতে গিয়েছিলাম, স্থানটি ভরে গিয়েছিল। আর সেখানকার পরিরক্ষক বেরিয়ে এসে বললেন, “রেভারেন্ড ব্রানহাম, আমি দশজন মেক্সিকান শিশুদের ভাড়া করেছি।” বললেন, “এখানে দেখুন, ‘রেভারেন্ড ব্রানহাম আজ রাতে এফবিআই দ্বারা উন্মোচিত হবে, একজন অন্ধবিশ্বাসী ধর্মবাদী,’” অথবা এরকম

অন্য কিছু। আর বললেন, “এটা সেখানে প্রতিটি গাড়িতে লাগানো রয়েছে। বের করে...” বললেন, “আমি দশজন মেক্সিকান শিশুকে ভাড়া করেছি, তাদের সবাইকে টেনে নিয়ে এখানে রাখব।” বললেন, “ওহ, আমার মনে হচ্ছে আমি যদি সেই লোকটিকে ধরে ফেলতাম!”

139 আমি বললাম, “চিন্তা করবেন না, মহাশয়। ঈশ্বর তাকে ধরে ফেলবেন।” দেখুন? আমি বললাম, “শুধু তাকে একা থাকতে দিন।”

140 তাই তিনি চলে আসেন। আর সেই রাতে যখন আমরা ভিতরে প্রবেশ করি, আমি এটা কখনই ভুলব না, কক্ষের ভিতরে প্রবেশ করলাম। আমি...ভাই ব্যাক্সটার *শুধু বিশ্বাস* গান গেয়েছিলেন। তিনি বললেন, “এখন, ভাই ব্রানহাম বলেছেন আজ রাতে আমাদের ভবন ছেড়ে চলে যেতে।” বললেন, “আমি পিছনে চলে যাব এবং বসে পড়বো।” তিনি বললেন, “তারা আজ রাতে এখানে প্ল্যাটফর্মে তাকে প্রকাশ করার জন্য ঠিক করছে।” তিনি বললেন, “আমি তাকে অনেক কঠিন যুদ্ধে দেখেছি, এবং ঈশ্বরকে তার স্থানে আসতে দেখেছি।” বললেন, “আমি—আমি পিছনে যাচ্ছি বসার জন্য।”

141 আমি উপরে উঠলাম। আমি বললাম, “আমি এখানে একটি ছোট নিবন্ধ পড়ছিলাম আজ রাতে এখানে প্ল্যাটফর্মে যেখানে আমাকে প্রকাশ করা হবে।” আমি বললাম, “আমি চাই এফবিআই এজেন্টরা এখন এগিয়ে আসুন এবং আমাকে এখানে প্ল্যাটফর্মে প্রকাশ করুন।” আমি বললাম, “আমি এখানে সুসমাচারের প্রতিরক্ষায় দাঁড়িয়ে আছি; আমি চাই আপনারা এসে আমাকে প্রকাশ করুন।” আমি অপেক্ষা করলাম। আমি বললাম, “হয়তো তারা এখনও এখানে আসেনি।” আমি জানতাম আমি কোথায় আছি। তিনি ইতিমধ্যে আমাকে আমার ঘরে দেখিয়েছিলেন, কি ঘটতে যাচ্ছে, আমার যাওয়ার আগে, আপনারা দেখুন। আর আমি বললাম, আমি বললাম, “হয়তো আমি একটু অপেক্ষা করব। আমরা কি একটি স্তোত্র গাইতে পারি?” আর কেউ এসে একটি একক গান গাইলেন।

142 আমি বললাম, “মহাশয় এফবিআই এজেন্ট, আপনি কি ভিতরে না বাইরে আছেন? আমি উন্মোচিত হওয়ার অপেক্ষায় আছি। আপনারা কি এগিয়ে আসবেন?” কেউ আসে নি। আমি ভাবতে থাকলাম এটা কোথায় আছে। প্রভু আমাকে বলেছিলেন যে এটি কি ছিল। এটি দুইজন পিছিয়ে পড়া প্রচারক ছিলেন, আর আমি—আমি দেখছিলাম। আমি দেখলাম কোণে একটি কালো ছায়া ঝুলছে।

আমি জানতাম এটা কোথায় ছিল। আমি সেখানে তাকালাম, এবং এটি ঠিক উপরে সরে গেল এবং এইভাবে গ্যালারিতে চলে গেল। নীল স্যুট পরা একজন, একজন ধূসর পোশাক পরা।

143 আমি বললাম, "বন্ধুরা, সেখানে কোন এফবিআই নেই। বাইবেল প্রচারের সঙ্গে এফবিআইয়ের কী সম্পর্ক ?" আমি বললাম, "নিশ্চয়ই না। আমাকে ফাঁস করার জন্য তারা দুইজন এফবিআই এজেন্ট ছিলেন না। কিন্তু, এখানে উন্মোচন রয়েছে, সেখানে তারা বসে রয়েছেন, সেই দুই প্রচারক সেখানে।" আর তারা নিচে নেমে গেলেন। আমি বললাম, "এভাবে নিচে নামবেন না।" আর তাদের মধ্যে দুজন বড় টেক্সান সেখানে গিয়ে তাদের ধরতে যাচ্ছিলেন। আমি বললাম, "না, ভাইয়েরা, এটা রক্তমাংসের বিষয় নয়, শুধু বসে থাকুন। ঈশ্বর সেটা দেখবেন।"

144 আমি বললাম, "এখন, ভাইয়েরা, দেখুন, যখন আপনারা সেখানে আছেন, এই দিকে তাকান।" আমি বললাম, "যদি... আপনি বলেন যে আমি যাদুকর শিমোন, যাদুবিদ্যার অধীনে, আমি লোকদের জাদু করছিলাম।" আমি বললাম, "আমি যদি শিমোন যাদুকর হই, তাহলে আপনারা ঈশ্বরের লোক। এখন আপনারা এই মঞ্চে নেমে আসুন। আর যদি আমি শিমোন যাদুকর হই, তবে ঈশ্বর আমাকে আঘাত করে মেরে ফেলুন। আর যদি আমি ঈশ্বরের ভাববাদী হই, তবে আপনারা নেমে আসুন এবং ঈশ্বরকে আপনাদের আঘাত করে মেরে ফেলতে দিন। এখন আমরা দেখব কে সঠিক আর কে ভুল। এখন আপনারা নিচে নেমে আসুন। আমরা একটি স্তোত্র গাইব।" তারা সেই ভবন থেকে বেরিয়ে গিয়েছিল, আর আমরা তাদের আর দেখিনি। দেখুন ? আমি বললাম, "আসুন। যদি আমি শিমোন যাদুকর হই, তাহলে ঈশ্বর আমাকে আঘাত করে মেরে ফেলুন। আর যদি আমি ঈশ্বরের ভাববাদী হই, তাহলে আপনারা যখন এই মঞ্চে আসবেন তখন ঈশ্বর আপনাদের মেরে ফেলবেন। যদি আমি ঈশ্বরের সামনে সত্য হই, ঈশ্বর আপনাদের এই মঞ্চে মরতে দেবেন।" তারা ভালো করে জানতেন। সেটা ঠিক। তারা ভালো করে জানতেন। তারা অন্য জায়গা থেকে শুনেছিলেন। সেটা ঠিক। ঈশ্বর এখনও ঈশ্বর, তাই কখনও চিন্তা করবেন না। তিনি উত্তর দেন।

145 এখন, ঐন্-দোরের এই ভূতড়িয়া স্ত্রীলোক, সে শমূয়েলের আত্মাকে ডেকেছিল। আর শৌল শমূয়েলের সঙ্গে কথা বললেন। এখন, আপনারা ভাবতে পারেন কিভাবে এটি হতে পারে। এটি আজ করা সম্ভব না। না, মহাশয়। কারণ, ষাঁড় ও ছাগলের রক্ত ছিল শুধুমাত্র সময়ের পূর্ণতা পাওয়ার জন্য অপেক্ষা। সেই দিনগুলিতে

যখন একজন ব্যক্তি মারা যান...প্রচারকরা, আপনারা যদি মনে করেন যে এটি সঠিক, আমাকে সাহায্য করুন। যখন একজন মানুষ মারা যায়, সে একটি পশুর প্রায়শ্চিত্তের অধীনে মারা যায়, আর তার প্রাণ পরমদেশে চলে যায়। আর সে সেই সময় পর্যন্ত সেখানেই থাকে, সেই—সেই মুক্তির দিন পর্যন্ত। আর তার প্রাণ সেখানে অবস্থান করে।

146 আমাকে এখানে একটি ছোট ছবি আঁকতে দিন। কতজন আমার নিবন্ধটি পড়েছেন, অথবা তারা এখানে *রিডার্স ডাইজেস্টে* আমার সম্পর্কে যে নিবন্ধটি লিখেছিল, অক্টোবরের, অথবা নভেম্বরের সংখ্যায়? ঠিক আছে। আপনারা কি লক্ষ্য করেছেন, এটি কেমন ছিল? আপনারা কি লক্ষ্য করেছেন, প্রায় দুই বা তিন সপ্তাহ আগে, এই বড় বিখ্যাত মাধ্যমটি এখানে, যা অনেক আগে থেকেই চেষ্টা করা হয়েছে, মিস পাইপার। কেউ কি কখনও এটা পড়েছেন, *রিডার্স ডাইজেস্টে* মিস পাইপারের নিবন্ধ? এটা কি অদ্ভুত নয় কিভাবে সেই দুটি আত্মা...

147 আমার কাছে কত সময় আছে? বেশি নেই। আমার কাছে কুড়ি মিনিট রয়েছে, আমাকে তাড়াতাড়ি করতে হবে। আমি জানি আপনারা...দেখুন, এক মিনিটের জন্য ক্ষমা করবেন।

148 আপনারা জানেন, সেখানে—সেখানে মিথ্যা রয়েছে। সবকিছুর একটি সত্য এবং একটি মিথ্যা রয়েছে। আমি যদি আপনাকে একটি ডলার দিই, আর আমি বলি, "এটা কি ভালো ডলার?" আর আপনি এটির দিকে দেখেন, এটি দেখতে অনেকটা আসল ডলারের মতো হতে হবে অথবা আপনি এটি বিশ্বাস করবেন না। এটা কি ঠিক? তাই সত্যিই এটি একটি ভাল অনুকরণ হতে হবে।

149 আর যদি যীশু শেষ সময়ে দুটি আত্মার বিষয়ে বলেন এত সদৃশ হবে যে যদি সম্ভব হয় তবে মনোনীতদের প্রতারিত করবে, ধর্মীয় লোকেরা। এখন মনে রাখবেন। এখন, তাদের মধ্যে ঠা-...আ-... ঠান্ডা, আনুষ্ঠানিক কিছুই নেই। বাইরে তাদের ঈশ্বরস্বরূপতার একটি রূপ আছে, আপনারা দেখুন। কিন্তু এই দুটি আত্মা, প্রকৃত আত্মা, এত সদৃশ হবে যে এটি মনোনীতদের প্রতারিত করবে, কিভাবে তারা শেষ সময়ে পাশাপাশি কাজ করবে। যীশু কি এটা বলেছেন? তিনি বলেছিলেন।

150 এখন দেখুন, বন্ধুরা, আমি আপনাদের জন্য একটি ছোট ছবি আঁকতে যাচ্ছি। আমি চাই আপনারা এখানে এক মিনিট দেখুন। আর আমাকে আপনাদের অবিভক্ত মনোযোগ দিন, কারণ আমি

আপনাকে একটি দৃষ্টান্ত বলতে যাচ্ছি, আর তারপর আপনি এটি দেখতে পাবেন।

151 এখন, *রিডার্স ডাইজেস্টে*, তারা সেখানে লিখেছে, আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম, আমাদের কাছে দুই হাজার সাতশ লোক প্রার্থনা করার জন্য অপেক্ষা করছিল, সেখানে দাঁড়িয়ে। আপনারা নিবন্ধটি পড়ুন। আর একজন ব্যক্তি কানাডা থেকে আসেন, এবং তার একটি ছোট ছেলে ছিল যে মায়োস এবং জনস হপকিন্সে ছিল, একটি গুরুতর মস্তিষ্কের রোগ যা তার ছোট হাত *এইভাবে* গুটিয়ে দেয়, আর তার পা এর নীচে নিয়ে আসে। আর তারা বললেন, "এমনকি এর কোন অপারেশনও নেই অথবা কিছুই করা যাবে না।"

152 তাই তিনি তাকে কানাডায় নিয়ে যান। তিনি বললেন, "আমাকে এখনও বেত্রাঘাত করা হয়নি।" আপনারা *রিডার্স ডাইজেস্টের* নভেম্বরের সংখ্যাটি নিয়ে নিবেন, এটিকে বলা হয়েছে—দ্য—*দ্য মিরাকল অফ ডনি মর্টন*। আর—আর তারপর বলা হয়েছে, সেখানে, সেই—সেই লোকটি বলেছেন, "আমাকে এখনও বেত্রাঘাত করা হয়নি, কারণ আমি উইলিয়াম ব্রানহাম নামে একজন বিশ্বাসের দ্বারা আরোগ্যদানকারীকে চিনি, যিনি আমার দুই বন্ধুকে যারা বধির এবং বোবা কথা বলতে এবং শুনতে আরোগ্যদান করেছেন।"

153 আর তারা আমেরিকা—আমেরিকায় আমি কোথায় ছিলাম তা খুঁজে বের করার চেষ্টা করছিলেন। আর আমি ক্যালিফোর্নিয়ার কোস্টা মেসায় ছিলাম। আর এটি একটি নিবন্ধ, যখন আপনি এটি পড়বেন, কাঁদতে শুরু করবেন। এটি আপনার হৃদয় ভেঙ্গে ফেলবে। কিভাবে তিনি তুষারপাতের মধ্য দিয়ে গেছেন, এবং অন্য সবকিছু, সেই শিশুটির সাথে! তিনি বললেন, "সাবধান, ডনি।" বললেন, "এখন, আমরা পরাজিত হইনি।" আর ছোট ছেলেটি হাসতেও পারত না, খুব কষ্টে, সে খুব পীড়িত ছিল। বললেন, "আমরা পরাজিত হইনি, আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করতে যাচ্ছি। আমরা ঈশ্বরের ভাববাদীর কাছে যাব এবং তাকে জিজ্ঞাসা করব।"

154 তাই তারা তুষার ভেদ করে আসে। আর অবশেষে তারা সেখানে চলে আসে, আর তার মা তাদের সঙ্গে এসেছিলেন, আর তাদের কাছে বিমানে যাওয়ার মতো পর্যাপ্ত টাকা ছিল না, তাই তারা তার মাকে ফেরত পাঠিয়ে দেয়। আর ছেলেটিকে আর তার বাবাকে একটি বাসে আসতে হয়েছিল, তারা কিভাবে কানাডার উইনিপেগ থেকে সমস্ত পথ ধরে যাত্রা করেছিলেন, কোস্টা মেসা, ক্যালিফোর্নিয়াতে। আর তারা সেখানে প্রবেশ করে, ভেঙ্গে যায়, আর বাবা বলেন

যে তাকে ডায়াপার পরিবর্তন করতে হয়েছিল, সাত বা আট বছর বয়সী ছোট্ট ছেলে, একেবারে অসহায়। আর কিভাবে তিনি...কোন খাওয়ার সুযোগ পায়নি বা কিছু করতে, আর বললেন তার ছোট ছেলেটি তাকে কথা বলতে শুনতে পায়। আর তিনি তার চোখ দেখে তা বলতে পারতেন, যে সে—সে হাসতে চেষ্টা করছিল, আপনারা জানেন। আর জানতেন যে তিনি...তিনি তাকে আমেরিকায় বিভিন্ন দর্শনীয় স্থান বলবেন যা তিনি দেখছেন।

155 আর যখন তারা সেখানে প্রবেশ করে, ক্যালিফোর্নিয়ায়, তারা ভ্রমণকারীর সহায়ককে বলেছিল, সে কি দেখতে এসেছে। তিনি বললেন, "ঐশ্বরিক কি দেখতে এসেছেন?" আর একটি বড় প্রশ্নবোধক চিহ্ন।

156 অবশ্যই, আপনারা কল্পনা করতে পারেন আমেরিকা এই বিষয়ে কি বলেছে, আপনারা দেখুন। দেখুন, এটা আমরা, দেখুন, "আমরা খুব স্মার্ট! আমরা সবকিছু জানি, আপনারা জানেন, আর আমাদের কিছু বলার প্রয়োজন নেই। আমরা সব লিখে রেখেছি।" দেখুন?

157 তাহলে, তাই, "ঐশ্বরিক কি? কানাডার উইনিপেগ থেকে এসেছেন?" কেন, তারা ভেবেছিল এটি ভয়ঙ্কর।

158 যাইহোক, সংবাদপত্র একটি—একটি গাড়ি নিয়ে তাকে সেখানে পাঠিয়ে দেন। আর তিনি বললেন, যখন তারা লাইনে পৌঁছেছিলেন, যেখানে এটি ছিল, বললেন দুই হাজার সাতশ লোক প্রার্থনা করার জন্য অপেক্ষা করছিলেন। কিন্তু বললেন, যখন তারা সেই বিকৃত, ছোট চেহারার ছেলেটিকে, আর সেই দরিদ্র পিতাকে তার টুপি পরা দেখেছিলেন, তার এলোমেলো কোট, বললেন সকলে একপাশে সরে এসে তাকে তার স্থান দেয়। যখন তিনি প্ল্যাটফর্মে চলে আসেন...

159 সেটি প্রার্থনা কার্ড অদলবদল করা নিয়মের পরিপন্থী। কাউকে অবশ্যই সভায় আসতে হবে এবং আপনার নিজের কার্ড নিতে হবে। আপনি যদি কখনও লাইনে ধরা পড়েন, প্রার্থনা কার্ড অন্য কারো সাথে অদলবদল করছেন, প্রার্থনা কার্ডের অসম্মান করা হয়। দেখুন? কারণ আপনাকে অবশ্যই নির্দেশাবলী শুনতে হবে এবং কীভাবে এটি গ্রহণ করতে হবে তা জানতে হবে। এটা আপনার উপর নির্ভর করে। আপনি অন্য কারো জন্য এটি গ্রহণ করতে পারেন না। আপনাকে নিজেকে এটি নিতে আসতে হবে, যেন আপনি শুনতে পারেন। কিছু বড় ব্যক্তি বললেন, "যদি...ঠিক আছে, আমি এই বিষয়ে খুব বেশি বিশ্বাস করি না। কিন্তু, হয়তো তিনি যদি আমাকে

সুস্থ করেন, আমি..." আপনারা দেখুন? আর তখন এটি প্ল্যাটফর্মে হট্টগোলের সৃষ্টি করে, তাই তারা সেখানে যাওয়ার আগে সেই জিনিসটি বের করে দেয়।

160 তাই যখন ছেলেটি আসতে শুরু করে, অথবা পিতা মঞ্চে আসতে শুরু করেন, লোকদের সামনে, বিলি তার কাছে তার প্রার্থনা কার্ড চেয়েছিলেন। তার কাছে একটিও ছিল না। বললেন, "তাহলে আমি দুঃখিত, মহাশয়।" বললেন, "আপনাকে অপেক্ষা করতে হবে।"

161 তিনি বললেন, "ঠিক আছে।" বললেন, "আমি অপেক্ষা করব।" বললেন, "তাহলে, আমি অন্যদের মতো আমার পালাতে আসব।" বললেন, "আমি জানতাম না আমাকে এটা করতে হবে।"

162 আর তাই আমি কারো সাথে কথা বলছিলাম, আমি এটা শুনতে পেলাম। আমি সেই পিতাকে চলে যেতে দেখলাম, আর আমি বললাম, "ব্যাপারটা কি?"

তিনি বললেন, "তার কাছে প্রার্থনার কার্ড নেই।"

আর কেউ আমাকে বললেন, "তাকে ফিরিয়ে আনুন।"

163 তাই আমি বললাম, "তাকে এখানে নিয়ে আসুন।" আর সেই পিতা উঠে আসেন, এবং তার মুখ দিয়ে অশ্রু বেয়ে আসছিল, ক্ষৌরকর্ম করার প্রয়োজন ছিল। আর তিনি—তিনি উঠে আসলেন, আর এখানে *রিডার্স ডাইজেস্ট* বলেছে। দেখুন? আমি কোন প্রশ্ন করিনি, কিন্তু সরাসরি শিশুর মুখের দিকে তাকিয়ে, শিশুটিকে বলেছিলাম যে সে কোথা থেকে এসেছে, সে মায়োস ক্লিনিকে গিয়েছিল, এবং তার সাথে কী হয়েছে, সে কতটা অসুস্থ ছিল এবং সবকিছু।

164 আর পিতা কাঁদতে শুরু করলেন, আর চলে যেতে লাগলেন। আর বললেন, তিনি প্ল্যাটফর্ম থেকে চলে যেতে শুরু করলেন, আর তিনি ঘুরে দাঁড়ালেন, তিনি বললেন, "সেটি ঠিক, মহাশয়।" তিনি বললেন, "কিন্তু আমার শিশু কি কখনও বাঁচবে?"

165 আমি বললাম, "সেটি আমি বলতে পারব না।" আমি বললাম, "এক মুহূর্ত।" আমি একটি দর্শন আবির্ভূত হতে দেখেছি। আমি বললাম, "আপনি এটা বিশ্বাস করতে চাইবেন না, কারণ মায়োস এবং হপকিন্স দুজনেই বলেছিলেন যে সেই মস্তিষ্কে অপারেশন করা যাবে না, কিন্তু আমি আপনাদের বলছি আপনারা কি করবেন। আপনি, আগামীকাল, আপনি এই শিশুটিকে নিয়ে চলে যান। আগামী তিন দিনের মধ্যে আপনি রাস্তায় একজন কালো কেশীক

মহিলার সাথে দেখা করতে যাচ্ছেন, আর সেই মহিলা আপনাকে জিজ্ঞাসা করবে সেই শিশুর কি হয়েছে। আর তারপরে সে আপনাকে এখানে কোন ছোট প্রদেশের ডাক্তারের কথা বলবে, যিনি সেই অপারেশনটি করতে পারেন, আর আপনি এটা বিশ্বাস করতে চাইবেন না, কারণ সেই মায়োস এটা প্রত্যাখ্যান করেছিলেন এবং বলেছিলেন, 'এটি করা অসম্ভব।' কিন্তু ঈশ্বরের শক্তি, ঈশ্বরের করুণা এবং সেই অপারেশনের মাধ্যমে আপনার শিশুর এটাই একমাত্র সুযোগ। এখন, আপনারা যদি আমাকে তাঁর ভাববাদী বলে বিশ্বাস করেন, তবে আমি আপনাদের যা বলছি তা করুন।" যেমন হিষ্কিয়কে ডুমুরফল দেওয়া, ইত্যাদি।

তিনি বললেন, তিনি ঘুরে দাঁড়িয়ে বললেন, "ধন্যবাদ।" চলে গেলেন।

166 দুই বা তার বেশি দিন কেটে যায়, আর তিনি একদিন রাস্তায় ছিলেন, আর একজন ভদ্রমহিলা উঠে এলেন, বললেন, "তোমার শিশুর কি হয়েছে?"

167 বললেন, "তার একটি—একটি মস্তিষ্কের রোগ আছে।" আর তিনি এভাবে কথা বলতে থাকলেন। আর, ঠিক আছে, তারা—তারা ভেবেছিল এটা খুব খারাপ, আপনারা জানেন।

168 তাই তিনি বললেন মাত্র কয়েক মিনিটের মধ্যে কিছু ঘটেছে। মহিলাটি বললেন, "মহাশয়, আমি এমন একজনকে চিনি যিনি এই অপারেশন করতে পারেন।"

169 তিনি বললেন, "মহিলা, দেখুন, মায়ো ব্রাদার্স এটা ছেড়ে দিয়েছেন এবং বলেছেন এটা করা সম্ভব নয়।" বললেন, "এখানে একজন ব্যক্তি তার জন্য প্রার্থনা করেছিলেন, যার নাম ভাই ব্রানহাম।" বললেন, "তিনি শিশুর জন্য প্রার্থনা করেছেন।" তিনি বললেন, "এক মিনিট অপেক্ষা করুন! কালো কেশীক, ধূসর রঙের কোট স্যুট পরিধান করা।" বললেন, "এটা তিনি।" বললেন, "সেই ডাক্তার কোথায় আছেন?" আর তিনি তাকে বললেন। তাকে সেখানে নিয়ে যান এবং ডাক্তার অপারেশনটি করেন, শিশুটি ভালো হয়ে যায়।

170 এখন, এটি *রিডার্স ডাইজেস্টের* মাধ্যমে এসেছে, আপনারা দেখুন। আর এর জন্য মায়ো ব্রাদার্স আমাকে একটি সাক্ষাত্কারে ডেকেছিলেন। বলেছিলেন, "রেভারেন্ড ব্রানহাম, আপনি শিশুটির জন্য কি করেছিলেন?"

171 আমি বললাম, "কিছু না। আমি তাকে স্পর্শ করিনি। আমি শুধু তাই বলেছি যা ঈশ্বর আমাকে বলতে বলেছেন। লোকটি তা পালন করেছেন।"

172 এখন, এর মজার বিষয়, তার প্রায় দুই সপ্তাহ্ পরে, অথবা তার দুই সপ্তাহ্ আগে, অথবা তিন, *রিডার্স ডাইজেস্টে*, হয়তো এক মাস আগে, মিস পাইপারের নিবন্ধটি আসে। এখন, সে একজন প্রকৃত ভূতড়িয়া স্ত্রীলোক, অথবা একটি মাধ্যম। এখন, সেখানে একজন প্রকৃত থাকেন, আর সেখানে কেউ ছদ্মবেশ ধারণ করেন। তাদের কাছে সেই মহিলাটি ১৮৯৭ সাল থেকে আছে। তার বয়স এখন একশ বছরের বেশি, নিউ ইয়র্কে, উভয়...একটি পোস্টের মতো বধির। *রিডার্স ডাইজেস্ট*, পান...আমি মনে করি এটি আমার থেকে প্রায় দুই মাস অথবা এক মাস আগে এসেছিল; আর আপনারা এটি খুঁজে পেতে পারেন, শরতের প্রথম দিকে। মিঃ ব্যাক্সটার অন্য দিন এটি এখানে নিয়ে এসেছিলেন। যদি আমি এটা ভাবতাম, আমি তাকে নিয়ে আসতাম...অথবা যদি জানতাম আমি এটা বলতে যাচ্ছি, আমি—আমি এটি নিয়ে আসতাম। আমি এটা আপনাদের জন্য আনতে পারি। আর এটা প্রায় বারো অথবা চৌদ্দ পৃষ্ঠার। তিনি একজন সাধারণ গৃহিণী ছিলেন। আর তিনি একদিন সমাধিতে পড়ে যান, যখন কষ্টে ছিলেন, আর তিনি মৃতদের সাথে কথা বলতে শুরু করেন। আর তারা সেই মহিলাটিকে সারা বিশ্বে, সর্বত্র নিয়ে যান। তারা তাকে ইংল্যান্ডে নিয়ে যান। এমনকি অনেক সময় তার জামাকাপড় পরিবর্তন করেন, দেখার জন্য সেখানে পিচ্ছিল কোন জিনিস আছে কিনা, আর সেখানে গিয়ে ছদ্মবেশে মুখোশ পরা একজন, একজন গ্রীক, আর তিনি একজন ইংরেজের মতো খেলেছিলেন। আর তিনি তাকে এই বিষয়ে সব বলে দেন। আর তিনি—তিনি—তিনি তার মৃত অংশীদারদের একজনকে ডাকতে চেয়েছিলেন।

173 এখন, একমাত্র জিনিস সে...সারা বিশ্বে, আর এখানে *রিডার্স ডাইজেস্ট* সেখানে বলেছে, এখানে কয়েক রাত আগে, অথবা কয়েক মাস আগে, তাদের মধ্যে একটি বিষয় উন্মোচিত হয়েছিল। একজন ব্যক্তি তার মায়ের ভৌতিক হাত চুম্বন করার কথা ছিল, আর পরের দিন পুলিশ আদালতে প্রমাণিত হয় যে তিনি কেবল একটি মসলিন কাপড় চুম্বন করেছিলেন। অনেক লোক একটি মাধ্যমের ছদ্মবেশ ধারণ করছেন! তারা, রাস্তার পাশে বসে থাকা এই বৃদ্ধ পাঠকরা, যারা শুরুতে মাধ্যম ছিল না। তারা ভুয়া ছদ্মবেশী ছাড়া আর কিছুই নয়। কিন্তু একটি প্রকৃত মাধ্যম রয়েছে।

174 আর আমরা ধার্মিক মানুষ, আমাদের উভয় পক্ষে অনেক ছদ্মবেশী রয়েছে। এখন কয়েক মিনিট ধরে রাখুন।

175 এখন লক্ষ্য করুন, যে মিস পাইপার একটি প্রকৃত মাধ্যম। আর পত্রিকাটি বলেছিল, "এখানে একটি বিষয় যা নিশ্চিত করা যেতে পারে, যে, যখন একজন মানুষ মারা যায়, সে মারা যায় না। সে অন্য কোথাও বসবাস করে, কারণ সেই মহিলা তাদের আত্মাকে ফিরিয়ে আনে এবং লোকদের সাথে কথা বলে।"

176 "এখন, সে কি করে, ভাই ব্রানহাম? আপনি কি এটা বিশ্বাস করেন?" হ্যাঁ, মহাশয়। বাইবেল তাই বলে, এই কারণেই আমি এটা বিশ্বাস করি। কিন্তু সে শয়তান থেকে। আধ্যাত্মিকতা হল শয়তানের কৌশল। এখন লক্ষ্য করুন, এখন তাদের দুজনকে দেখুন।

177 আর তারপরে আপনারা আমার কাছে চিঠিগুলি উড়ে আসতে দেখেছেন, তখন, যখন আমার নিবন্ধটি তাকে অনুসরণ করেছিল। এটা কি আশ্চর্যের বিষয় নয় যে, সময়ের শেষের ঠিক আগে, ঈশ্বর এই বিষয়গুলি বলেছিলেন? আর *রিডার্স ডাইজেস্ট* স্বর্গের নীচে প্রতিটি ভাষায় প্রকাশিত হয়। দেখুন? লক্ষ্য করুন, এটা কি অদ্ভুত নয় যে তারা একে অপরকে অনুসরণ করছে?

178 এখন এখানে চিঠি আসে, যা বলে, "ভাই ব্রানহাম, এটা প্রমাণ করে যে আপনি একটি মাধ্যম ছাড়া আর কিছুই নন।" বললেন, "এটা তা প্রমাণ করে। এখানে দেখুন, আপনি সেই মহিলাকে বলেছিলেন যে সে কোথায় খুঁজে পাবে...*এই* মহিলার দিকে দেখুন?"

179 আমি বললাম, "এক মিনিট অপেক্ষা করুন।" আমি একটি সরকারি চিঠি পেয়েছি, (আমাকে ক্ষমা করুন), লোকদের কাছে পাঠানোর জন্য। আমি বললাম, "আপনারা প্রচারকেরা কত কম জানেন।" আমি বললাম, "আপনার শরীরকে বাপ্তিস্ম দেওয়ার পরিবর্তে, আপনার মস্তিষ্কের বাপ্তিস্ম নেওয়া দরকার।" সেটা ঠিক। "আপনারা বিষয়গুলি নিয়ে ভাবা ছেড়ে দেন না। আপনারা এটা বিবেচনা করার চেষ্টা করেন না।"

180 অন্য দিনগুলিতে তারা সেটি একইভাবে করেছিল। তারা যীশুকে দেখেছিল। তারা জানত যে তিনি পারেন...তিনি তাদের হৃদয়ের গোপন কথা জানতেন। তিনি জানতেন তারা কি করছে। আর তারা বলেছিল, "তিনি শয়তানদের প্রধান। তিনি বেল্‌সবূল, পৃথিবীর শ্রেষ্ঠ গণক।" তারা এটি অনুসন্ধান করার চেষ্টা করেনি, দেখার জন্য যে তিনি ঈশ্বরের পুত্র ছিলেন। তারা এটা জানার জন্য

যথেষ্ট আধ্যাত্মিক ছিল না। এটাই, তারা বিষয়টি উপর উপর পড়ে। অবশ্যই, যীশুর যিরূশালেমে আসার কথা ছিল, একটি খচ্চরে চড়ে, ইত্যাদি, কিন্তু তারা দ্বিতীয় আগমনের দিকে তাকিয়ে ছিল।

181 আর আজ একই বিষয়! তারা আসল বিষয়ের উপর দিয়ে তাকাচ্ছে। হালেলুইয়া! সেটা ঠিক। আমি জানি যে ঈশ্বর এখানে আছেন, আজ বিকেলে, আর আমি জানি আমি আপনাদের অনেক সময় নিচ্ছি, কিন্তু আপনাদের এটা দেখতে হবে, বন্ধুগণ। যদি আমি আপনাদের আর কখনও দেখতে না পাই, আপনারা ভূত কি তা জানতে পারবেন, আপনারা সত্য এবং মিথ্যা কি তা জানতে পারবেন। আর এটা খুব কাছাকাছি, আপনাদের জিনিসটি আলাদা করতে হবে।

182 এখন মনে রাখবেন, এটা সেখানে থাকবে না, ফরীশীদের মতো *এই* দিকে কিছু, অথবা কিছু *অন্য* দিকে। এটা ঠিক এখানে দরজার কাছে, ঠিক এর কাছে। এটা দেখুন। এখন যদি আমি...

183 তাদের দুটিকে নেওয়া যাক। যদি আমি এটি নিয়ে আর আপনাকে ডলার দিই, এখন, যদি আমি আপনাকে একটি জাল ডলার দিই। আমরা একটি দৃষ্টান্ত ব্যবহার করব যাতে আপনারা এটি দেখতে পারেন। প্রথম জিনিস যা আপনি করবেন, আপনি যদি একজন বুদ্ধিমান ব্যক্তি হন, যদি আপনি একটি ডলার তুলে নেন এবং এটি দেখেন, প্রথম বিষয়, আপনি এটি অনুভব করবেন এবং দেখতে পাবেন এটি কী দিয়ে তৈরি। এটা কি ঠিক? আপনি এটি কি দিয়ে তৈরি তা দেখবেন। আপনি এর যোগ্যতা দেখবেন। একটি আসল ডলার কাগজ দিয়ে তৈরি হয় না, এটি কাগজ এবং রেশমের অংশ, আপনারা দেখুন। আর প্রথম বিষয়, আপনাকে এর মূল্য দেখতে হবে। এটাই প্রথম ইঙ্গিত।

184 আর এখন আসুন তাকে *এই* দিকে নিয়ে যাই; এবং প্রভুকে *এই* দিকে নিয়ে যান, যিনি আমাদের সঙ্গে কার্য্য করছেন।

185 এখন দেখুন, আপনাকে প্রথমে লক্ষ্য করতে হবে, সবকিছু... আপনার নিবন্ধটি দেখুন। তার ভাগ্য বলার, এবং মৃতদের আত্মা আহ্বান করার প্রায় পঞ্চাশ বছরে, তিনি একবারও ঈশ্বর, খ্রীষ্ট, ঐশ্বরিক আরোগ্যদান, মুক্তি, বিচার, অথবা কিছুই উল্লেখ করেননি। এর মধ্যে হাসি-ঠাট্টা এবং মূর্খতা ছাড়া আর কিছুই নেই।

186 কিন্তু *এই* দিকে, এটি সর্বদা ঈশ্বর, বিচার, যীশুর আগমন, ঐশ্বরিক আরোগ্যকরণ, ঈশ্বরের শক্তি, মুক্তি। এর মূল্য দেখুন।

আপনি গণক এবং ভূতড়িয়া স্ত্রীলোকদের সুসমাচার প্রচার করতে দেখেন না। লোকদের সাথে ব্যাপারটা কি ? আমার ! লক্ষ্য করুন !

187 আর আসল কাজটি করতে হবে, যদি আপনি এটি একটি আসল ডলার কিনা তা খুঁজে বের করতে চান, যদি এটি দেখতে অনেকটা এর মতো হয়, তবে এর সংখ্যাগুলি সরিয়ে ফেলুন এবং এটিকে টাঁকশালে পাঠান। আর যদি সেখানে সংখ্যা থাকে যা এর সাথে মিলে যায়, সেখানে একটি রৌপ্য ডলার অপেক্ষা করছে। এটা কি ঠিক ?

188 ঠিক আছে, তাহলে, ভাই, সে যা করেছে তা নিন এবং এটি বাইবেলে নিয়ে যান, আপনি দেখতে পাবেন এটি ঐন্-দোরে ভূতড়িয়া স্ত্রীলোক।

189 আর আপনি এখানে যা আছে তা নিয়ে যান, আপনি এটি ফিরে পাবেন, এটি এখানে টাঁকশালের নথিতে আছে, "যীশু খ্রীষ্ট কাল, আজ এবং অনন্ত কাল একই।" অবশ্যই, তাঁর একই কাজ ! তিনি লোকদের সঙ্গে মূর্খতা ও বাজে কথা বলেননি। এটা ছিল ভালোর জন্য, কাউকে সাহায্য করার জন্য, তাদের ঈশ্বরের কাছে নিয়ে আসার জন্য। আমেন ! আমি নিজেকে "আমেন" বলছি না, কিন্তু *আমেন* মানে "তাই হোক।" আর আমি...আমি এটা বিশ্বাস করি। আমি জানি এটা সত্য।

190 এখন লক্ষ্য করুন, আপনি এখানে আছেন। এখন, দ্রুত এখন, কারণ আমি আপনাদের আর ধরে রাখতে চাই না।

191 এখানে, আসুন এখানে একটি ছোট্ট ছবি প্রদান করি, একটি ছোট্ট মানসিক ছবি। এখানে একটি স্রোত এখান দিয়ে, ঠিক *এই* পথে, জীবনের মধ্য দিয়ে নেমে আসছে। এখন দেখুন। এটি একটি চ্যানেল। এখন আমাকে আপনার অবিভক্ত মনোযোগ দিন, যাতে আপনারা এটি মিস না করেন। ঠিক *এইভাবে* নিচে। এখন, এই ছোট্ট চ্যানেলে এখানে নশ্বর প্রাণী বাস করি, আপনি এবং আমি। এখন, সেখানে, দেখা যাক এটা কি। এটা মূর্খতার ভর এবং অন্য সবকিছু, কিন্তু কখনো কখনো আপনি একটি আলো দেখতে পাবেন। আপনি অন্ধকার এবং রাস্তায় দেখতে পাচ্ছেন, এটি উল্লাস এবং বহন করা, শয়তানরা মানুষকে নিয়ে যাচ্ছে। ওহ, তারা সুন্দর পোশাক পরিধান করে, আমার, এবং তারা যেমন হতে পারে অত্যন্ত সংস্কৃতিবান, পালিশ করা পণ্ডিত, কিন্তু তবুও শয়তান। কিন্তু সেখানে পুনরায় জন্মপ্রাপ্ত সেখানে বসে আছে।

192 এখন, এই চ্যানেলের এই লোকেরা দুটি ভিন্ন দিক থেকে প্রভাবিত। এখন, এই দিকে যারা আছে *এই* পথে যাচ্ছে, সেখানে

একটি ত্রিত্ব আছে। আর এই দিকে যারা আছে *এই* পথে যাচ্ছে, সেখানে একটি ত্রিত্ব আছে।

193 এখন, যখন, এখন প্রথম স্থান, *এই* দিকে, *অধার্মিকের* প্রাণ, যখন একজন মানুষ মারা যায় সে বিচারের অপেক্ষায় একটি স্থানে যায়। যীশু গিয়ে সেখানে কারাগারে থাকা প্রাণদের কাছে প্রচার করেছিলেন। পরেরটি হল ভূত। পরেরটি, নরকে শয়তান। উপরে যাচ্ছে, প্রথমে, এখন, তাদের মধ্যে ভূত আছে, মৃত মানুষের আত্মা যারা কখনও অনুতপ্ত হয়নি। তারা বিচারের জন্য অপেক্ষা করছে। একমাত্র বিষয় তারা জানে মূর্খতা এবং তারা যা করেছে।

194 এখন, এখানে, এই খ্রিস্টানরা উপরে থেকে প্রভাবিত। এটি দৃষ্টান্ত। উপরে এখানে আরেকটি আত্মা আছে, পবিত্র আত্মা, একজন মানুষের আত্মা, খ্রীষ্ট যীশু। পবিত্র আত্মা, পবিত্র আত্মা নশ্বর এই রাজ্যে তাঁর মণ্ডলীকে প্রভাবিত করে।

195 শয়তান, *এই* আত্মাদের দ্বারা, মানুষকে প্রভাবিত করে। এখন, দেখুন, পরেরটি হল স্বর্গদূত। পরেরটি হল ঈশ্বর। এখন, এখানে প্রতিটি মানুষ এই বিশ্বের তাদের একটি দ্বারা প্রভাবিত। আমি কি বলতে চাইছি আপনারা দেখুন?

196 এখন সেই মহিলা কি করেছে, সে সেই রাজ্যে প্রবেশ করেছে। আর সে সেই ভূতগ্রস্ত পুরুষদের সঙ্গে কথা বলছে যারা শুরুতে, সেই পতিত দূতদের আত্মা ছিলেন যারা আদিতে অনুতপ্ত হয়নি, এবং তাদের স্বত্বাদের তাদের অধিকারী হতে দিয়েছে। আর তারা বিচারের জন্য অপেক্ষা করছে।

197 আর *এরা* এখানে ঈশ্বরের আত্মার দ্বারা প্রভাবিত এবং নতুন জন্মগ্রহণ করে। শয়তানের ভাববাদীরা আছে, আর ঈশ্বরেরও আছে। দেখুন আমি কি বলতে চাইছি? এটা প্রভাব, আর আমরা সেখানে যাই। এটা আলাদা করা বন্ধ করুন। যীশু, যখন তিনি পৃথিবীতে ছিলেন...

198 এখন, আজ, তিনি সেই রাজ্যে প্রবেশ করতে পারেন না এবং একজন ধার্মিক মানুষকে সেই রাজ্য থেকে বের করে আনতে পারেন না। তিনি এটা করতে পারেননি, কারণ ধার্মিক লোকেরা সেখানে নেই যেখানে তারা আগে ছিল, পরমদেশে। না, মহাশয়। পরমদেশ শেষ হয়ে গিয়েছিল, যখন যীশুর রক্ত এটি সরিয়ে নেয়। এখানে দেখুন। আমার!

199 আমি যদি ভাবি, কিভাবে যীশু, যখন তিনি মারা যান, তিনি গিয়ে কারাগারে থাকা আত্মাদের কাছে প্রচার করেছিলেন। তিনি

মারা গিয়েছিলেন, একজন পাপী হয়ে, কোন পাপ না করে, তবুও আমাদের পাপ তাঁর উপর ছিল। আর ঈশ্বর, তার পাপের জন্য, তাকে নরকে পাঠিয়েছিলেন। বাইবেল বলে, "তিনি গিয়ে প্রাণদের নিকট প্রচার করিলেন।"

200 কিছু লোক বলেন, "ভাই ব্রানহাম, আমি এটা বুঝতে পারছি না।" বলেন, "যীশু তৃতীয় দিনে পুনরুত্থিত হন। তিনি শুক্রবার বিকেলে মারা যান এবং রবিবার সকালে উঠলেন, কেন, তিনি একদিনের জন্য মারা গিয়েছিলেন।"

201 তিনি বলেছিলেন, "সেই সময়ের মধ্যে," কারণ বাইবেলে তার একটি বাক্য ছিল, যার উপর তিনি দাঁড়িয়ে থাকতে পারেন। কারণ, দায়ূদ, একজন ব্যক্তি যিনি পরে পিছিয়ে গিয়েছিলেন, কিন্তু তিনি পরিত্রাণ পেয়েছিলেন, কিন্তু ঈশ্বরের অনুপ্রেরণায় একজন ভাববাদী, বলেছেন, "আমি তাঁহার প্রাণকে নরকে রাখিব না, আমি আমার সাধুকে ক্ষয় দেখিতে দিব না।" আর তিনি জানতেন, তিন দিন এবং রাত, সেই দেহটি নষ্ট হয়ে যাবে। আর ঈশ্বর ভাববাদীকে বলেছিলেন, "তিনি ক্ষয় দেখতে পাবেন না।"... ?...[টেপের খালি অংশ—সম্পাদকীয়।]

হালেলুইয়া! তিনি ঈশ্বরের বাক্য গ্রহণ করেছিলেন। প্রতিবার, এর বিষয়ে তিনি শয়তানকে পরাজিত করেছিলেন। ঈশ্বরের বাক্য দ্বারা তিনি মৃত্যুকে পরাজিত করেছিলেন। হালেলুইয়া! তিনি মৃত্যুকে পরাজিত করেছিলেন। আর যখন তারা তাকে হত্যা করল, আর তিনি মারা গেলেন, একজন পাপী হয়ে, আমার পাপ এবং আপনার পাপ তার উপর নিয়ে, তিনি নেমে যান, আমি দেখতে পাচ্ছি, তিনি সেখানে সেই দরজায় কড়া নাড়ছেন।

আর সেই হারিয়ে যাওয়া প্রাণ বেরিয়ে এসে বলে, "ঠিক আছে, আপনি কে?"

202 তিনি বললেন, "তোমরা হনোকের কথা শুনোনি কেন? তোমরা কেন অন্য ভাববাদীদের কথা শুনোনি, যারা প্রচার করেছিলেন?" তাদের দোষারোপ করা হয়েছিল। "আমি ঈশ্বরের পুত্র যিনি জীবিত ছিলেন। আমি...আমার রক্ত বাহিত হয়েছে। আমি তোমাদের বলতে এসেছি, আমি সিদ্ধ করেছি, আমার বিষয়ে ভাববাদীরা যা বলেছেন।" শয়তানদের অতিক্রম করে নিচে, ঠিক নরকে, মৃত্যুর চাবি নিয়ে এবং শয়তানের কাছ থেকে নরক দূর করে, তাদের তাঁর পাশে ঝুলিয়ে, সহায়তা করা শুরু করেন। হালেলুইয়া!

203 খুব ভোরে উঠে। হালেলুইয়া! আসুন এখানে একটি ছোট ছবি

অঙ্কন করি। খুব ভোরে, এখানে পরমদেশে আরেকটি দল শুয়ে রয়েছে। তারা এখন সেখানে নেই।

204 এখন, ক্যাথলিক বন্ধুরা যারা সাধুদের মধ্যস্থতায় বিশ্বাস করেন। আপনারা যদি আপনার গির্জার একজন সন্তের সাথে কথা বলেন, তবে সেই ব্যক্তি একজন পাপী, সে নরকে রয়েছে, অথবা—অথবা তার বিচারের জন্য অপেক্ষা করছে। আর যদি তিনি একজন সাধু হন, তবে তিনি ঈশ্বরের মহিমায় আছেন এবং ফিরে আসতে পারবেন না। সেটা ঠিক। আমি সেটা প্রমাণ করতে পারি। ষাঁড়ের রক্ত পাপকে দূর করে না, কিন্তু যীশুর রক্ত পাপকে বিচ্ছিন্ন করে।

205 আমি যীশুকে সেখানে যেতে দেখতে পাচ্ছি যেখানে, স্বর্গে, সেখানে বৃদ্ধ অব্রাহাম, ইস্হাক এবং যাকোব রয়েছেন, আর তারা সেখানে, শমূয়েল এবং বাকিরা সেখানে। আমি তাঁকে দরজায় কড়া নাড়তে শুনতে পাচ্ছি। [ভাই ব্রানহাম বেদীতে আঘাত করছেন—সম্পাদকীয়।] আমেন! ওহ, আমি এটা ভালোবাসি। আমি ঠিক হয়ে যাচ্ছি...এখন এক ধরনের ধার্মিক বোধ করছি। আমি তাকে সেখানে তাকাতে দেখতে পাচ্ছি। আমি তাকে বলতে শুনতে পাচ্ছি, "সেখানে কে আছে? সেখানে কে আছে?" তিনি বললেন, "আমি, ইনি অব্রাহাম কথা বলছেন। এখানে কে?"

206 "আমি অব্রাহামের বংশ।" আমেন। আমি অব্রাহামকে দরজার কাছে আসতে দেখতে পাচ্ছি, দরজা খুলতে। তিনি বলছেন, "আমি অব্রাহামের বংশ।"

দানিয়েল বললেন, "ওখানে দেখ! সেখানে সেই প্রস্তর রয়েছে যাকে আমি পাহাড় থেকে খসে পড়তে দেখেছি।"

207 আমি যিহিষ্কেলকে বলতে শুনতে পাচ্ছি, "সেখানে তিনি! আমি তাঁকে দেখেছি, তাঁর পায়ের তলায় ধুলোর মতো, মেঘকে চলমান, যখন মেষরা...তারা হাততালি দেয়, পত্র, আর তারা সকলে চিৎকার করে।" ওহ, আমি সেখানে স্বর্গে বিভিন্ন ব্যক্তিদের দেখতে পাচ্ছি, তার জন্য অপেক্ষা করছে।

208 আমি তাকে বলতে শুনতে পাচ্ছি, "এসো! এটি যিরূশালেমে দিনের আলো প্রকাশিত হচ্ছে। আমাদের এখান থেকে যেতে হবে। আমরা উপরে যাচ্ছি, কারণ তোমরা ষাঁড় এবং ছাগলের রক্তে বিশ্বাস করেছিলেন, আমার রক্তের জন্য অপেক্ষা করছিলে। কিন্তু আমার রক্ত সেখানে কালভেরীতে বাহিত হয়েছে। আমি ঈশ্বরের অবতীর্ণ পুত্র। সমস্ত পাপের ঋণ পরিশোধ করা হয়েছে। আমরা আমাদের পথে আছি!" হালেলুইয়া! ঈশ্বরের মহিমা হউক!

209 আমি দেখতে পাচ্ছি অব্রাহাম সারাকে বাহু নিয়ে, আর তারা এখানে আসে, ঠিক বাইরে! মথি ২৭, যখন তিনি বেরিয়ে আসেন, আমি শুনতে পাচ্ছি যে তারা সেখানে যিরূশালেমে একটু থামছেন। আর প্রথম বিষয় যা আপনারা জানেন, আমি কায়াফাকে এবং তাদের রাস্তায় দাঁড়িয়ে দেখতে পাচ্ছি, বলছে, "তারা আমার বিষয়ে বলে সেই লোকটি পুনরুত্থিত হয়েছে। বলেন, কে সেখানে যাচ্ছে; সেই যুবক, সেই যুবতী?"

210 আর বৃদ্ধ নয়; তারা ছিলেন অব্রাহাম এবং সারা। আর তারা অদৃশ্য হয়ে যায়। তারা দেখল, "কেউ আমাদের দেখছে।" তারা অদৃশ্য হয়ে যেতে পারে যেমন তিনি দেওয়ালের মধ্য দিয়ে গিয়েছিলেন, একই ধরণের দেহ। হালেলুইয়া! ঠিক। এখানে সমস্ত ভাববাদী এবং তারা রয়েছেন, ঘুরে বেড়াচ্ছেন, শহরের চারপাশে দেখছেন।

211 আর যীশু পথপ্রদর্শন করে উপরে নিয়ে যান, অথবা তারা, চাঁদ, মেঘের উপরে নিয়ে যান, এবং বন্দী বন্দীকে পথপ্রদর্শন করেন, মানুষকে দান প্রদান করেন। যীশু আজ পিতার দক্ষিণ হস্তে বসে আছেন, সেখানে আরোহণ করেন, বসেন, যতক্ষণ না তাঁর সমস্ত শত্রুরা তাঁর পাদপীঠে পরিণত হয়।

212 আর আজ, আমার প্রিয় খ্রিস্টান বন্ধুগণ, মন্দদূতরা প্রতিটি হস্তে কাজ করছে। আর ঈশ্বরের আত্মা ঠিক বাইরে চলে যাচ্ছেন, অন্যদিকে, প্রতিবার এটির বিরুদ্ধে লড়াই করার জন্য। হালেলুইয়া! সেখানে আপনি। সংবাদপত্র এবং ডাইজেস্ট এবং অন্য সবকিছু এটি ঘোষণা করছে। তারা এটা দেখছে। তারা দেখতে পাচ্ছে না এটা কি। এটা কি? এটি এমন যুদ্ধের পূর্বাভাস যা ঈশ্বর এবং শয়তানের মধ্যে খুব শীঘ্রই আসছে। ঈশ্বরের পক্ষে নিন এবং আপনার হৃদয়ে সঠিক করুন। আমেন।

213 এখানে কিছুক্ষণ আগে আমি টলেডো, ওহাইওতে ছিলাম, একটি সভা করছিলাম। আমি বন্ধ করতে যাচ্ছি।

214 ভূত সম্পর্কে আমি কি বলতে চাই আপনারা দেখুন? তারা কাজ করছে। তারা খুব ধার্মিক, ঠিক ধার্মিকের মতো! ওহ, তারা প্রতি রবিবার গির্জায় যায়, প্রেরিতদের ধর্মমতের পুনরাবৃত্তি করে, এবং ঈশ্বরের মহিমার গান করে। ওহ, আমার, তারা যতটা ধার্মিক হতে পারে!

"ভাই ব্রানহাম, আপনি বলতে চাচ্ছেন এটাই সত্য?"

215 এটাই এমন এক আত্মা যা যীশু খ্রীষ্টকে ক্রুশে ঝুলিয়েছিল। আর যীশু বললেন, "তুমি তোমার পিতা, দিয়াবলের।"

216 এখন তাদের মধ্যে কেউ কেউ বলেছেন, "ওহ্, রাশিয়া খ্রীষ্টবিরোধী।" কখনই না! রাশিয়া খ্রীষ্টবিরোধী নয়। খ্রীষ্টবিরোধী এতটাই ধার্মিক হতে চলেছে যে যদি সম্ভব হয় তবে মনোনীতদের ভুলাইবে।

মনে রাখবেন, ঈশ্বর তাঁর লোকদের নেন, কিন্তু কখনও তাঁর আত্মা নেন না। শয়তান তার লোকদের নেয়, কিন্তু তার আত্মাকে কখনই নেয় না। এখন, তারা সেখানে। নিজেকে মানানসই করুন। আমি শুধুমাত্র সত্যের জন্য দায়ী।

217 ভূতরা, কাজ করছে! গতকাল, আমি তাদের একটি শারীরিক রাজ্যে ছিলাম। আজ, আমি আপনাদের আধ্যাত্মিক ক্ষেত্রে দেখাচ্ছি, যেখানে তারা ধর্মীয় রাজ্যে আছে। সেখানে তারা বাইরে রয়েছে, ক্যান্সার বলা হয়, আর তারা বলে *এটা, ওটা,* আর *ইত্যাদি*, কিন্তু আমি আপনাদের কাছে প্রমাণ করেছি, বাইবেল দ্বারা, তারা দিয়াবল। এখন, এখানে, আজ, এখানে তারা আবার ধর্মীয় ক্ষেত্রে, খুব ধার্মিক, খুব ধর্মনিষ্ঠ।

218 আপনি যদি শুরু করেন, ভাই, চিন্তা করুন। কয়িন, তার একেবারে শুরুতে, একজন খুব ধার্মিক ব্যক্তি ছিলেন। এষৌ খুব ধার্মিক ব্যক্তি ছিলেন। যিহূদা একজন খুব ধার্মিক ব্যক্তি ছিলেন। এটা ধর্ম। এটা বাইরের জগৎ নয়। এটা সঠিক সারিতে আছে। এটা দেখুন, ভূতবিদ্যা! হয়তো পরে, কখনও, আমি এটি আরও কিছুটা নিতে পারি। আমাদের দেরি হয়ে যাচ্ছে।

219 কাউকে দোষারোপ করবেন না। সবাইকে ভালোবাসুন। যদি আপনি আপনার হৃদয় থেকে প্রেম করতে না পারেন, তাহলে খ্রীষ্ট আপনার সঙ্গে নেই।

220 টলেডো, ওহাইওতে, আমি একটি ছোট রেস্তোরাঁয় গিয়েছিলাম। আমি একটি জায়গায় খাচ্ছিলাম, একটি ছোট্ট ডানকার্ড স্থানে, সুন্দর ছোট্ট জায়গা। তারা খুব ভালো ছিলেন। সেদিন বিকেলে তারা বন্ধ করে দিয়েছিল, রবিবার স্কুলে যাওয়ার জন্য। আর যখন তারা করেছিল, আমাকে রাস্তার ওপারে যেতে হয়েছিল, একটি জাগতিক ছোট স্থানে, আর আমি সেখানে হেঁটে গেলাম। আর আমি জানি ওহাইওতে জুয়া খেলা বেআইনি। আর এখানে একজন রাজ্যের পুলিশ একটি মেয়েকে জড়িয়ে দাঁড়িয়ে ছিল, তার হাত এখানে তার বুকে ঝুলছে, একটি জুয়া খেলার

মেশিনে খেলছেন। আমাদের রাষ্ট্র এবং জাতির আইন, সব চলে গেছে। করুণা!

221 আমি খ্রীষ্টের উপর বিশ্বাস করি, কঠিন শিলা, আমি দাঁড়িয়ে আছি, অন্য সব ভূমি চোরাবালি। আর কিছুই বাকি রইল না। সেটা ঠিক।

222 আমি সেখানে ফিরে তাকালাম, আর সেখানে একজন সুন্দরী যুবতী ছিলেন, সম্ভবত তার কিশোর বয়সে, উনিশ, আঠারো, উনিশ বছর বয়সে। আর তারা কি করছিল, সেখানে টেবিলের চারপাশে ছেলেরা, এটা ভয়ঙ্কর ছিল। আমি সেখানে বসলাম। আর এখন আমি অবাক হয়ে, এখানে বসে আছি যেখানে একজন ভদ্রমহিলা এসে বললেন, "আপনার কি একটি চেয়ার আছে?"

আমি বললাম, "ধন্যবাদ। আমি প্রাতরাশ চাই।"

223 আর একটি চেয়ারে বসে, এখানে একজন বয়স্ক ভদ্রমহিলা, আমার মায়ের মতো বয়সী, পঞ্চান্ন, আটানব্বই বছর বয়সী। তার কাছে সেই ছোট্ট অধার্মিক পোশাকগুলির একজোড়া ছিল, যা তারা পরিধান করে।

224 তারা দাবি করে যে এটি সুন্দর। বিজ্ঞান বলে, "আপনি পাগল।" অবশ্যই, এটা নয়। আপনি শুধু আপনার নগ্ন শরীরকে দেখাতে চান। এটা লজ্জার, অসম্মানের। একজন মহিলা তাদের পরিধান করবেন না। একজন নারী করবে, কিন্তু একজন মহিলা করবে না।

225 আর তারপর, তারপর তারা...সেখানে সে ছিল, সেখানে বসে ছিল। তার মাংসপেশী অবসন্ন ছিল। তার ঠোঁটে এই ধরনের অর্কিডের মতো ম্যানিকিউর ছিল, আপনারা এটিকে কি বলেন। আর পুরুষের মতো ছোট্ট চুল কাটা, যা অস্পষ্ট হয়ে যায়; বাইবেল যা বলে, যা একটি অপমানজনক ছিল। আর একজন নারী, যে একজন পুরুষ...

226 বাইবেল দাবি করে, যদি একজন মহিলা তার চুল কাটে, তবে একজন পুরুষের অধিকার আছে তার সঙ্গে বিবাহবিচ্ছেদ করার জন্য, কারণ সে তার সঙ্গে সৎ নয়। কোন একদিন আমাদের এখানে নামতে হবে এবং বাইবেলের প্রচার করতে হবে। বলেছে, "যদি সে তার চুল বব করে, তবে সে তার স্বামীকে অসম্মান করে।" যদি সে অসম্মানজনক হয়, তাকে দূরে সরিয়ে দেওয়া উচিত। আপনি অন্য কাউকে বিয়ে করতে পারবেন না, কিন্তু আপনি তাকে দূরে সরিয়ে দিতে পারেন। বাহ্! বালক, এটা, এটা কঠিন হচ্ছে, আমি এটা অনুভব করতে পারি। কিন্তু এটাই সত্য।

227 ওহ, আগে, আমাদের কাছে এটি পবিত্র আত্মার ক্ষেত্র ছিল, কিন্তু আমরা নিয়মগুলি নামিয়ে দিয়েছি। বৃদ্ধ ভাই বলতেন, "আমরা নিয়মগুলি নামিয়েছি, আমরা নিয়মগুলি নামিয়েছি, আমরা পাপের সঙ্গে আপস করেছি। আমরা নিয়মগুলি নামিয়ে দিয়েছি, মেষ বেরিয়ে গেছে, কিন্তু ছাগলরা কীভাবে প্রবেশ করল ?" আপনারা নিয়মগুলি নামিয়ে দিয়েছেন। ব্যাপারটা সেটাই। আপনারা নিয়মগুলি নামিয়ে দিয়েছেন, জগৎ এবং গির্জাকে একসাথে মিশ্রিত করেছেন। ঠিক যেমন মোয়াব এবং আরও অনেকের মতো, এবং বিলিয়ম, কীভাবে তিনি তাদের মধ্যে বিয়ে করেছিলেন, সেটি আজ ঠিক একই জিনিস। আর সমস্ত গির্জা দূষিত হয়েছে, এবং পেন্টিকোস্টাল যুগ হল লায়দিকেয়া যুগ, যা কদুষ্ণ হয়ে গেছে, এবং ঈশ্বরের মুখ থেকে বেরিয়ে আসে। আর সমগ্র দলের মধ্যে থেকে, ঈশ্বর তাঁর অবশিষ্টাংশকে আহ্বান করেন, তাকে তার গৃহে নিয়ে যান, এটা ঠিক, ঠিক, পুনরুত্থানের মাধ্যমে।

228 আর সেখানে সে, সেখানে বসে ছিল, তার সারা মুখে ঠোঁট ম্যানিকিউর করা ছিল, আর সে শেষ হয়ে গিয়েছিল। আর এখানে তার চোখের উপর কালো জিনিস ছিল, আর সে ঘামছিল, এটি ঝরছিল। আর সেই দরিদ্র বৃদ্ধার নাতি-নাতনি থাকতে পারে। আর সে সেখানে দুই বৃদ্ধের সঙ্গে বসে ছিল, আর তাদের একজন তার গলায় পুরানো স্কার্ফ পরা ছিল, এটি জুন মাসে, সেখানে বসেছিল। আর তিনি উঠে পড়েন, আর মদ্যপান করছিলেন, আর সেও মদ্যপান করছিল। আর সে চারপাশে দেখছিল।

229 আমি ভাবলাম, "হে ঈশ্বর! ঈশ্বর, আপনি কেন মানচিত্র থেকে জিনিসটি মুছে ফেলছেন না ? আপনি কেন করেন না ? আমার ছোট শ্যারোন কি...আমার ছোট শিশু, আমার ছোট সারা এবং আমার ছোট্ট রিবিকাকে সেই প্রজন্মে বড় হতে হবে, এই ধরনের বিষয়গুলির মুখোমুখি হওয়ার জন্য ?" আমি ভাবলাম, "এখানে এই পার্কগুলি ইত্যাদি দেখুন, সেখানে কি হচ্ছে।" আমি ভাবলাম, "হে ঈশ্বর! ওহ, আমি খুশি যে আপনি শ্যারোনকে নিয়ে নিয়েছেন, যদি সেটি আপনার ইচ্ছা হয়ে থাকে। আমার ছোট্ট রিবিকা এবং ছোট্ট—ছোট সারাকে কি এইরকম জিনিসের নীচে বড় হতে হবে ?" যা, লোকেরা তাদের বলে...গায়কদলে গান করুন ইত্যাদি। আর আমি ভাবলাম, "এটা কি লজ্জা নয় ?" আমি ভাবলাম, "ঈশ্বর, আপনার পবিত্র ধার্মিকতা কিভাবে সেখানে দাঁড়াতে পারে ? দেখে মনে হচ্ছে আপনার ধার্মিক রাগ সেখানে উড়ে যাবে এবং—এবং এই স্থানকে উড়িয়ে দেবে।"

230 আর আমি প্রভুর দূতকে বলতে শুনেছি, "একপাশে আসুন।" আমি সেখানে হেঁটে গেলাম। আর যখন তিনি আমার সঙ্গে মিলিত হলেন, আমি একজন ভিন্ন ব্যক্তির মতো অনুভব করলাম। "আপনি কি জন্য তাকে দোষারোপ করছেন ?"

আমি বললাম, "ওটা দেখুন, যেভাবে সে রয়েছে।" আর এখানে তিনি যা...

231 আমি একটি দর্শন দেখলাম। আমি *এইরকম* একটি পৃথিবী দেখলাম, গোলাকার, অন্য পৃথিবী। কিন্তু *এই* জগৎ এখানে, এর চারপাশে একটি মেঘধনু ছিল, এবং এটি ছিল খ্রীষ্টের রক্ত যা ঈশ্বরের ক্রোধকে রক্ষা করে। তিনি সেদিকে তাকাতে পারেননি, তিনি—তিনি এখনই জিনিসটি ধ্বংস করে দেবেন, কারণ তিনি বলেছেন, "যেদিন তোমরা তা খাবে, সেদিনই তোমরা মারা যাবে।" তাই তিনি এটা করবেন।

232 তখন আমি এইরকম ভাবলাম। আমি নিজেকে দেখেছি। যদিও আমি তা করিনি, কিন্তু আমি একজন পাপী ছিলাম, যাইহোক। আর তারপর যীশু খ্রীষ্টের রক্ত আমাদের জন্য একটি আঘাত শোষক হিসাবে কাজ করে। দেখুন ? যে, যখন আমি পাপ করি, আমার পাপ তাকে আঘাত করে এবং তার মূল্যবান মাথাকে ক্ষতবিক্ষত করে, এবং আমি অশ্রু এবং রক্ত প্রবাহিত হতে দেখতে পাই। "তাকে ক্ষমা করুন, পিতা, সে জানে না সে কি করছে।" আর আমি অন্য কিছু করব এবং তাকে আঘাত করব। "তাকে ক্ষমা করুন, পিতা।"

233 যদি এটা কখনও তাকে অতিক্রম করে, আমি ধ্বংস হয়ে যেতাম। আর যদি আমি কখনই তাঁর অনুগ্রহ গ্রহণ না করি, এবং যেদিন আমার প্রাণ এর বাইরে চলে যায়, আমার ইতিমধ্যেই বিচার হয়েছে। আমি প্রত্যাখ্যান করেছি। বিচার ছাড়া আর কিছুই অবশিষ্ট নেই। বিচার করা হয়েছে, আমার ইতিমধ্যেই বিচার করা হয়েছে। ঈশ্বর বলেছেন, "যেদিন তোমরা তা খাবে, সেদিনই তোমরা মারা যাবে।" আপনার বিচার হয়েছে। এটি আজ বিকেলে বিচারের আসন, খ্রীষ্টের প্রতি আপনার মনোভাব।

234 আর তখন আমি ভাবলাম, "হ্যাঁ, সেটা ঠিক।" আর আমি একদিন দেখলাম আমি হামাগুড়ি দিয়ে তার কাছে গেলাম। আমি আমার পুরানো বইটি সেখানে পড়ে থাকতে দেখেছি, একজন পাপী, সেখানে তার উপর সবকিছু রাখা ছিল। আমি দেখলাম আমার পাপ এটা কি করছে, আর আমি বললাম, "প্রভু, আপনি কি আমাকে ক্ষমা করবেন ?"

235 তার হাত তার পাশে নিয়ে, কিছু রক্ত বের করে, উপরে লিখে দিলেন, "ক্ষমা করা হয়েছে।" ভুলে যাওয়ার সাগরে নিক্ষেপ করেন, যেন আর মনে না রাখা হয়। এটা চিরতরে চলে গিয়েছে! তিনি বললেন, "আমি তোমাকে ক্ষমা করেছি, কিন্তু তুমি তাকে দোষী করছ।"

এটা আমার ধারণা পরিবর্তন করেছে। আমি বললাম, "প্রভু, দয়া করুন।"

236 আমি সেখান থেকে বেরিয়ে আসার পর, আমি সেখানে গিয়ে বসলাম। আমি বললাম, "আপনি কেমন আছেন, ম্যাডাম?"

তিনি বললেন, "ওহ, হ্যালো।"

237 আর আমি বললাম, "আপনি যদি আমাকে ক্ষমা করেন," আমি বললাম, "আমি রেভারেন্ড ব্রানহাম, একজন সেবক।"

তিনি বললেন, "ওহ, ক্ষমা করবেন। ক্ষমা করবেন, রেভারেন্ড ব্রানহাম।"

238 আমি বললাম, "ভদ্রমহিলা," আমি তাকে গল্পটা বললাম, আমি বললাম, "আমি সেখানে দাঁড়িয়ে ছিলাম, আর আমি আপনাকে দোষী করছিলাম, আর ভাবছিলাম, 'কি ভয়ঙ্কর!' হয়তো আপনার সন্তান রয়েছে।"

তিনি বললেন, "আমার আছে।"

239 আমি বললাম, "কি কারণে পথ ভুল হয়েছে?" তিনি আমার কাছে একটি গল্প উন্মোচন করতে শুরু করেন যা যে কারো হৃদয় বিদীর্ণ করবে। আমি বললাম, "আমি—আমি ঈশ্বরকে জিজ্ঞাসা করছিলাম কেন তিনি পৃথিবী থেকে এমন কিছু উচ্ছেদ করলেন না। এখানে, আপনি এখানে এই দুই মাতাল ব্যক্তির সাথে, আর আপনি নিজেও মাতাল।" আর আমি বললাম, "কোনও দিন... সেই রক্ত আপনার উপর থেকে ঈশ্বরের ক্রোধ সরিয়ে নিবে। আপনি কোন একদিন মারা যাবেন। আর, তারপর, আপনি—আপনি এখন একজন মুক্ত নৈতিক প্রতিনিধি, আপনি প্রত্যাখ্যান করতে পারেন অথবা গ্রহণ করতে পারেন।" আমি বললাম, "কিন্তু একদিন আপনার আত্মা সেখানে চলে যাবে, যেখানে কোন করুণা অবশিষ্ট নেই। আর যদি আপনি আপনার পাপে মারা যান, আপনার ইতিমধ্যেই বিচার করা হয়েছে, আর আপনি নরকে যাচ্ছেন।"

240 আপনি কি জানেন? সেই মহিলা সেই রেস্তোরাঁয় সেই আসন থেকে সরে যান। আমরা এমন একটি প্রার্থনা সভা করেছি যা আপনি আপনার জীবনে কখনও শুনেননি, এবং তিনি খ্রীষ্টের

কাছে এসেছেন। এটা কি ছিল? তাদের দোষী করবেন না; তাদের সুসমাচার বলুন। তারা ভূতগ্রস্ত; তারা এই ক্ষেত্রে নশ্বর। তারা এখান থেকে প্রভাবিত। আমাদের প্রভাব উপর থেকে আসে। আসুন দেখি আমরা আমাদের প্রতিভা দিয়ে কি করতে পারি, অন্যদের খ্রীষ্টের জন্য জয় করতে।

241 আমাদের স্বর্গীয় পিতা, আপনার মঙ্গল এবং করুণার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমি দুঃখিত, প্রভু; হয়তো, লোকেরা, আমি তাদের এতো সময় এখানে রেখেছিলাম। কিন্তু এই বিকেলের সভাগুলি এভাবে শেষ হওয়ার জন্য, আমি তাদের বলতে চেয়েছিলাম, "ভূতরা," আর আমি এর অনেক অংশ এক জায়গায়, একটি বার্তায় কেটে ফেলেছিলাম, কিন্তু হয়তো তারা এটা বাছাই করতে পারে, এখানে এবং সেখানে, এবং বুঝতে পারে আমি কি বলতে চাইছি। আপনি আমার হৃদয়ের উদ্দেশ্য জানেন, এটি আনার বিষয়ে।

242 লোকেরা আজ বিকেলে এখান থেকে চলে যাওয়ার পর, পুরুষ এবং মহিলারা তাদের প্রতিটি পদক্ষেপ দেখুক, কিন্তু সুখী এবং মুক্ত জীবনযাপন করুক। তারা যেন জানতে পারে যে ঈশ্বর তাদের রক্ষা করেছেন। আর তারা যেন তাঁর দিকে তাকাতে পারেন, তাদের চারপাশে থাকা সমস্ত মতবাদ এবং বিষয়গুলি ভুলে যেতে পারেন, এবং শান্তিতে এবং শান্তভাবে জীবনযাপন করতে পারেন, ঈশ্বরের ভয়ে। আর তারপর, ঈশ্বর, যখন আপনি তাদের কোন কিছুর জন্য ব্যবহার করতে চান, আপনি তাদের সাথে সরাসরি কথা বলতে পারেন এবং আপনি যেখানে চান সেখানে তাদের পাঠাতে পারেন অথবা আপনি তাদের যা করতে বলেন। লোকেরা যেন নম্র হয় এবং তাদের হৃদয়ে খ্রীষ্টকে খুঁজে পায়। আমাদের ক্ষমা করুন, প্রভু, আমাদের ত্রুটিগুলি, আমাদের প্রত্যেককে।

243 আর আমরা জানি যে—যে শয়তান গর্জনকারী সিংহের মতো সর্বত্র ঘুরে বেড়ায়, যা ইচ্ছা গ্রাস করে, ধর্মীয় পোশাক পরিধান করে। হে ঈশ্বর, এই দরিদ্র ছোট শিশুরা, তাদের দিকে সর্বত্র দেখুন। তারা উন্মুক্ত এবং লোকদের কাছে উন্মুক্ত। আর আমি আপনার কাছে প্রার্থনা করি, ঈশ্বর, তাদের প্রতি করুণাময় হন, এবং সমস্ত বিপথগামীদের বাঁচান, অসুস্থদের সুস্থ করুন। আর, ঈশ্বর, আমরা বুঝতে পারি যে অসুস্থতার এই শয়তানগুলি আপনার সন্তানদের উপর আসছে, যে আপনার প্রায়শ্চিত্ত রয়েছে, তার যত্ন নেওয়ার জন্য। আর যে সমস্ত শয়তান তাদের পাপের কারণ হবে, আপনার কাছে প্রায়শ্চিত্ত রয়েছে, তারা এটির যত্ন নেবে। আর আমি প্রার্থনা

করি যে আপনি এটি যীশুর নামে প্রদান করবেন। আমেন।

আমি ভাবছি যদি সেখানে...

53-0609A ভৌতিক বিদ্যা, ধর্মীয় ক্ষেত্র
রবার্টস পার্ক অ্যাম্ফিথিয়েটার
কনার্সভিল, ইন্ডিয়ানা ইউ.এস.এ.

BENGALI

©2024 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

## কপিরাইট বিজ্ঞপ্তি

সর্বস্বত্ব সংরক্ষিত। এই বইটি, যীশু খ্রীষ্টের সুসমাচার ছড়িয়ে দেওয়ার একটি হাতিয়ার হিসাবে, ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বিতরনের জন্য ঘরের প্রিন্টারে মুদ্রিত করা যেতে পারে। ভয়েস অফ গড রেকর্ডিংস® এর লিখিত অনুমতি ব্যতীত এই বইটি বিক্রি করা, বৃহৎ আকারে পুনরুত্পাদন করা, ওয়েবসাইটে পোস্ট করা, একটি পুনরুদ্ধার সিস্টেমে সংরক্ষণ করা, অন্য ভাষায় অনুবাদ করা অথবা তহবিল চাওয়ার জন্য ব্যবহার করা যাবে না।

আরও তথ্যের জন্য অথবা অন্যান্য উপলব্ধ বিষয়ের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org